নুশিন ইলেকট্রনিক্স



প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।

স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত


সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

শুক্রবার
রেজিঃ নং-চ-৫১৩
১৩ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-১০১
২৮ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২ জমাঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com



হাজীগঞ্জে ফুটবল খেলাকে কেন্দ্র করে দু'গ্রুপের সংঘর্ষ, অটোরিকশা চালক নিহত, আহত ৬

ইউসুফ বেপারী

ফুটবল খেলাকে কেন্দ্র করে হাজীগঞ্জ উপজেলার এনায়েতপুর ও শাহরাস্তি উপজেলার ধোপল্লা গ্রামের দুই গ্রুপের সংঘর্ষে শাহজাহান (৩৫) নামে এক অটোরিকশা চালক নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ৬ জন। বৃহস্পতিবার (১২ নভেম্বর) বিকালে জেলার শাহরাস্তি উপজেলার ধোপল্লা বাজারে এই সংঘর্ষের ঘটনা ঘটে। নিহত শাহজাহান হাজীগঞ্জ পৌরসভার ৯নং ওয়ার্ড এনায়েতপুর মুন্সী বাড়ির বাসিন্দা। নিহতের ভাই মানিক হোসেন জানান, ফুটবল খেলা নিয়ে দুই গ্রামের মধ্যে দফায় দফায় সংঘর্ষ হয়। বিকালে শাহজাহান অটোরিকশা নিয়ে ফেরার সময় সংঘর্ষের মধ্যে পড়ে হামলার শিকার হন। ঘটনাস্থল থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়ে বাড়িতে গেলে হঠাৎ তার বুকে ব্যথা ওঠে। পরে হাসপাতালে নেওয়ার পথে তিনি মারা যান। এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার মুকুর চাকমা জানান, ঘটনাটি শাহরাস্তি উপজেলার। নিহত ব্যক্তি হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে থাকায় পুলিশ তার সুরতহাল ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর ৮ উপজেলা ও পৌরসভা জামায়াতের নতুন আমির ঘোষণা

স্টাফ রিপোর্টার

আগামী ২০২৭-২০২৮ সেশনের জন্য ৭টি পৌরসভা ও উপজেলার বাংলাদেশ জামায়াতে ইসলামীর নবনির্বাচিত আমিরদের নাম ঘোষণা করা হয়েছে।

এতে ১টি পৌরসভা ও একটি উপজেলার আমির পদে পরিবর্তন এসেছে। এবং ১টি পৌরসভার নতুন করে কমিটি গঠন করা



হয়েছে। বাকি শাখাগুলোতে আগের দায়িত্বশীলরাই পুনর্নির্বাচিত হয়েছেন। বৃহস্পতিবার চাঁদপুর শহরের নিউট্রাক রোড় দলের ● ২-এর পাতায় দেখুন

ছাপাখানা ও প্রকাশনা আইন

সংশোধনের বিষয়টি সংসদে উত্থাপন করলেন শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি

নিজস্ব প্রতিবেদক

মুদ্রণ প্রযুক্তির বিকাশ ও গণমাধ্যমের আধুনিকায়নের সঙ্গে সামঞ্জস্য রেখে ১৯৭৩ সালের ছাপাখানা ও প্রকাশনা আইন যুগোপযোগী করার বিষয়টি জাতীয় সংসদে লিখিত আকারে উত্থাপন করেছেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

১২ নভেম্বর বৃহস্পতিবার জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে ৪৭০ নম্বর প্রশ্নে তিনি তথ্য ও সম্প্রচারমন্ত্রীর কাছে জানতে চান, ছাপাখানা ও প্রকাশনা আইন, ১৯৭৩-এর সংশ্লিষ্ট ৭ ধারাসহ আইনটি যুগোপযোগী করতে সংশোধন ও প্রয়োজনীয় সংযোজনের কোনো পরিকল্পনা সরকারের রয়েছে কি না এবং থাকলে তা কবে নাগাদ বাস্তবায়ন করা হবে।

জবাবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী আন্দালিব রহমান জানান, ছাপাখানা ও প্রকাশনা আইন, ১৯৭৩-এর সংশ্লিষ্ট ৭ ধারাসহ আইনটি যুগোপযোগী করার লক্ষ্যে সংশোধন ও প্রয়োজনীয় সংযোজনের বিষয়ে সরকার কাজ করছে। এ বিষয়ে মন্ত্রণালয় পর্যায়ে একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। তবে বিষয়টি এখনো পর্যালোচনা ও নিষ্পত্তির পর্যায়ে রয়েছে। সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন ও চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর আইন সংশোধনের পরবর্তী পদক্ষেপ এবং বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করা হবে।



প্রসঙ্গত, চাঁদপুরের সাংবাদিকদের দীর্ঘদিনের দাবি ও বাস্তবতার নিরিখে ছাপাখানা ও প্রকাশনা আইন, ১৯৭৩-এর সংশ্লিষ্ট ৭ ধারা যুগোপযোগী করে সংশোধন ও প্রয়োজনীয় সংযোজনের উদ্যোগ নিতে সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিকের কাছে লিখিত আবেদন জানান চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী। তিনি বিষয়টি মহান জাতীয় সংসদে উত্থাপন করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ এবং প্রয়োজনীয় আইন সংশোধনে কার্যকর ভূমিকা রাখার অনুরোধ জানান। এরই পরিপ্রেক্ষিতে সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক জাতীয় সংসদে বিষয়টি উত্থাপন করে সরকারের পরিকল্পনা ও বাস্তবায়নের সময়সীমা সম্পর্কে জানতে চান। চাঁদপুরের ● ২-এর পাতায় দেখুন

ডেঙ্গুতে মারা গেলেন চাঁদপুর পৌরসভার ভান্ডার রক্ষক ফয়সাল



শহর প্রতিনিধি

চাঁদপুর পৌরসভার ভান্ডার রক্ষক মোহাম্মদ ফয়সাল শেখ (৪৫) ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় ঢাকার একটি হাসপাতালে মারা গেছেন। বুধবার (১১ নভেম্বর) দিবাগত রাত ২টা ৪০ মিনিটে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বৃহস্পতিবার (১২ নভেম্বর) এসব তথ্য নিশ্চিত করেন তার চাচাতো ভাই শেখ আল মামুন।

ফয়সাল শেখ চাঁদপুর শহরের পুরান বাজার পশ্চিম শ্রীরামদী এলাকার ডা. আব্দুল লতিফ শেখের বাড়ির বাসিন্দা। তিনি মৃত মোহাম্মদ শেখের ছেলে। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক মেয়ে, এক ছেলেসহ অসংখ্য আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

মরহুমের জানাজা বৃহস্পতিবার (১২ নভেম্বর) বাদ জোহর পুরান বাজার পশ্চিম শ্রীরামদীর শেখ বাড়ি জামে মসজিদ ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর জেলা আইনজীবী সমিতি দলের (এপিএল ক্রিকেট লীগের) জার্সি উন্মোচন করেনজেলা পরিষদের প্রশাসক অ্যাড .সলিম উল্যা সেলিম।

জেলা আইনজীবী সমিতিতে

এপিএল ক্রিকেট লীগের জার্সি উন্মোচন করেনজেলা পরিষদের প্রশাসক

স্টাফ রিপোর্টার

ঢাকায় অনুষ্ঠিত অ্যাডভোকেট প্রিমিয়ার ক্রিকেট লীগের (এপিএল) চাঁদপুর দলের জার্সি উন্মোচন করেনচাঁদপুর জেলা আইনজীবী সমিতির সিনিয়র আইনজীবী ও জেলা পরিষদের প্রশাসক অ্যাড .সলিম উল্যা সেলিম।

বৃহস্পতিবার ১২ নভেম্বর ২০২৬ বিকেলে জেলা আইনজীবী সমিতি মিলনায়তনে সিনিয়র আইনজীবী ও দলের খেলোয়াড়দের নিয়ে এ জার্সি উন্মোচন মোচন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. শামছুল ইসলাম মন্টু, সাধারণ সম্পাদক অ্যাড. জাকির হোসেন ফয়সাল, জিপি অ্যাড রফিকুল হাসান রীপন, পিপি ● ২-এর পাতায় দেখুন



সংসদ সদস্য নুসরাত তাবাসসুম জ্যোতির বাড়িতে অগ্নিসংযোগের ঘটনার প্রতিবাদে চাঁদপুরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ।

এমপি নুসরাত তাবাসসুমের বাড়িতে আগুন : চাঁদপুরে এনসিপির বিক্ষোভ

শহর প্রতিনিধি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) রাজনৈতিক পর্ষদের সদস্য, যুগ্ম আহ্বায়ক ও সংসদ সদস্য নুসরাত তাবাসসুম জ্যোতির কুষ্টিয়ার দৌলতপুরে অবস্থিত গ্রামের বাড়িতে অগ্নিসংযোগের ঘটনার প্রতিবাদে চাঁদপুরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) বিকেল ৪টায় চাঁদপুর বাসস্ট্যান্ড এলাকায় এই কর্মসূচি পালিত হয়। জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) চাঁদপুর জেলা শাখা ও এর সকল অঙ্গসংগঠন এবং ইউনিটের উদ্যোগে এই বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়।

বিক্ষোভ মিছিল শেষে চাঁদপুর বাসস্ট্যান্ড চত্বরে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) চাঁদপুর জেলা আহ্বায়ক মো. মাহবুব আলম। ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে দুলাল মেম্বার হত্যা : 'কসাই জাকির' ও আমেনা আটক

হাজীগঞ্জ প্রতিনিধি


হাজীগঞ্জে সাবেক ইউপি সদস্য মো. দুলাল আলম হত্যা মামলায় 'কসাই জাকির' নামে পরিচিত জাকির হোসেন ও আমেনা আক্তার নামে দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১২ নভেম্বর) দুপুরে তাঁদের চাঁদপুর আদালতে পাঠানো হয়েছে।

এর আগে বুধবার (১১ নভেম্বর) সকালে উপজেলার ৪নং কালচৌ দক্ষিণ ইউনিয়নের পশ্চিম নোয়াপাড়া গ্রামের মুন্সী বাড়ির পুকুর থেকে দুলাল আলমের রক্তাক্ত মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য তিন নারীকে পুলিশ হেফাজতে নিয়েছিল।

পুলিশ সূত্রে জানা গেছে, মরদেহ উদ্ধারের পর হত্যাকাণ্ডের রহস্য উদ্ঘাটনে তদন্ত শুরু করে পুলিশ। তদন্ত ও জিজ্ঞাসাবাদের একপর্যায়ে হত্যার সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে জাকির হোসেন ও আমেনা আক্তারকে গ্রেপ্তার করা হয়।

এদিকে নারী সংক্রান্ত বিরোধের জেরে এ হত্যাকাণ্ড ঘটতে পারে বলে স্থানীয়দের মধ্যে আলোচনা ● ২-এর পাতায় দেখুন

মতলবে শিশু ধর্ষণের অভিযোগে বিএনপির নেতা গ্রেফতার



ধর্ষক বিএনপির নেতা লুৎফর রহমান।

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণ উপজেলায় ১২ বছর বয়সী এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপির সাবেক এক নেতার বিরুদ্ধে। বুধবার (১১ নভেম্বর) বেলা আড়াইটার দিকে উপজেলার একটি গ্রামে এ ঘটনা ঘটে। পরে ভুক্তভোগী শিশুর পরিবার থানায় মামলা করলে রাতেই ওই নেতাকে গ্রেপ্তার করে পুলিশ।

গ্রেপ্তার হওয়া ওই ব্যক্তির নাম লুৎফর রহমান (৭০)। তিনি উপজেলার একটি ইউনিয়ন শাখা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক। তাঁর বিরুদ্ধে বুধবার রাতে শিশুটির মা বাদী হয়ে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মতলব দক্ষিণ থানায় একটি মামলা করেন।

ভুক্তভোগী শিশুর পরিবার ও মামলার সংক্ষিপ্ত এজাহার সূত্রে জানা গেছে, শিশুটির পরিবারের কাছ থেকে দৈনিক ভিত্তিতে ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে পুলিশের সাঁড়াশি অভিযানে গ্রেফতার ৫২

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে পুলিশের বিশেষ অভিযানে ২৪ ঘণ্টায় ৫২ আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। একই সময়ে ১৫ জন কিশোর গ্যাং সদস্যকে আটক করেছে জেলা পুলিশ। অভিযানে ৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

বুধবার (১১ নভেম্বর) জেলার বিভিন্ন থানা-পুলিশের পরিচালিত অভিযানে এসব গ্রেপ্তার ও আটকের ঘটনা ঘটে।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) সকালে চাঁদপুর পুলিশ সুপার কার্যালয়ের মিডিয়া সেল থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে ৩২ লাখ টাকা নিয়ে উধাও দম্পতি, গ্রেপ্তারি পরোয়ানা



শাহরাস্তিতে স্বামী-স্ত্রীর বিরুদ্ধে আত্মগোপনের অভিযোগ।

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে যৌথভাবে সিএনজি ব্যবসা পরিচালনার প্রলোভন দেখিয়ে পাঁচ ব্যক্তির কাছ থেকে ৩২ লাখ টাকা নেওয়ার পর স্বামী-স্ত্রীর বিরুদ্ধে আত্মগোপনের অভিযোগ উঠেছে।

এ ঘটনায় অভিযুক্ত স্ত্রী মর্জিনা আক্তারের বিরুদ্ধে আদালত গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন বলে জানিয়েছেন ভুক্তভোগীরা। অভিযুক্ত মর্জিনা আক্তার শাহরাস্তি উপজেলার রায়শ্রী দক্ষিণ ইউনিয়নের বেরকী গ্রামের বাসিন্দা। তার স্বামী মো. সেলিম মিয়া পেশায় একজন সিএনজিচালক ও ভ্রাম্যমাণ ব্যবসায়ী। ভুক্তভোগীদের অভিযোগ, ২০২৫ সালের জুলাই মাসে যৌথভাবে সিএনজি ব্যবসা পরিচালনার কথা বলে পাঁচজনের সঙ্গে চুক্তি করেন মর্জিনা আক্তার ও তার স্বামী সেলিম মিয়া। এ সময় ব্যবসায় বিনিয়োগের কথা বলে তাদের কাছ থেকে মোট ৩২ লাখ টাকা নেওয়া হয়। ● ২-এর পাতায় দেখুন

একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমোদন পেল ড. এহছানুল হক মিলন উচ্চ বিদ্যালয়

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলাধীন ড. আ ন ম এহছানুল হক মিলন উচ্চ বিদ্যালয়কে মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক পর্যায় শিক্ষা প্রদানের অনুমতি প্রদান করেছে শিক্ষা মন্ত্রণালয়।স

বৃহস্পতিবার (১২ নভেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-২শাখা থেকে উপসচিব মোহাম্মদ মনোয়ার হোসেন এর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ড. আ ন ম এহছানুল হক মিলন উচ্চ বিদ্যালয়ে একাদশ শ্রেণিতে নির্দেশক্রমে পাঠদানের অনুমতি প্রদান করা হয়েছে।

উল্লেখ্য, গত ২ এপ্রিল প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করে 'চাঙ্গিনী-নূরপুর ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে ৬ কিলোমিটার ম্যারাথন দৌড়ে অংশগ্রহণে ৭৫৬ জনের নিবন্ধন

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে ম্যারাথন দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে ৭৫৬ জন নিবন্ধন করেছেন।

বুধবার (১১ নভেম্বর) উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে আগামি ১৪ নভেম্বর, সকাল সাড়ে ৬টায় উৎসবমুখর পরিবেশে এ দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

জানা গেছে, দৌড়ের মাধ্যমে শরীরচর্চায় আগ্রহ বাড়ানো এবং সুস্থ জীবনযাপনে মানুষকে উৎসাহিত করার লক্ষ্য নিয়ে উপজেলা ক্রীড়া সংস্থা আয়োজনে এ ম্যারাথন দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এর মধ্যে গত সোমবার (৯ নভেম্বর) নিবন্ধনের শেষ দিন পর্যন্ত বিভিন্ন বয়সের ৭৫৬ জন প্রতিযোগি তাদের নিবন্ধন সম্পন্ন করেন।

আয়োজকরা জানান, ৬ কিলোমিটারের এ ম্যারাথনটি উপজেলা চত্বর থেকে শুরু করে কুমিল্লা-চাঁদপুর আঞ্চলিক মহাসড়কের হাজীগঞ্জ বাজারস্থ চৌরাস্তা মোড়, হাজীগঞ্জ-কচুয়া-গৌরিপুর সড়ক হয়ে বদরপুর মোড় প্রদক্ষিণ করে টোরাগড় হয়ে পূণরায় উপজেলা চত্বরে গিয়ে (ফিনিশিং লাইন) দৌড় প্রতিযোগিতা সম্পন্ন হবে।

নিবন্ধনধারীদের মধ্যে ২০ বছর প্লাস, ৩০ বছর প্লাস, ৪০ বছর প্লাস ও ৫০ বছর প্লাসসহ ৪টি ক্যাটাগরিতে এ মিনি ম্যারাথন দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতি ক্যাটাগরির মধ্যে ২০ জনকে পুরস্কৃত করা হবে। তাদের জন্য মেডেল ও অন্যান্য পুরস্কারের পাশাপাশি প্রাইজমানি থাকবে।

প্রতিযোগিতাটি উৎসবমুখর পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে দুই পয়েন্টে পানির ব্যবস্থা, স্বেচ্ছাসেবক টিম, মেডিকেল টিম ● ২-এর পাতায় দেখুন

পোশাক খাতে অস্থিরতা অর্থনীতির কতটা ক্ষতি

নিজস্ব প্রতিবেদক

টানা ১৫ দিনের শ্রম অসন্তোষ, বিক্ষোভ, সংঘর্ষ ও কারখানা বন্ধের ঘটনায় বড় ধরনের চাপে পড়েছে দেশের তৈরি পোশাকশিল্প। শ্রমিকদের মজুরি বৃদ্ধি, বকেয়া বেতন-ভাতা, চাকরির নিরাপত্তা ও কর্মপরিবেশ নিয়ে সর্বশেষ বুধবার (১১ নভেম্বর) সাভার, আশুলিয়া ও হেমায়েতপুর এলাকায় শ্রমিক বিক্ষোভ, কর্মবিরতি ও পুলিশের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এদিন ৫০টি কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়। এর আগে আশুলিয়া ও জামগড়া এলাকায় আরও অন্তত ২০টি কারখানায় ছুটি ঘোষণা করা হয়েছিল।



শুধু কারখানা বন্ধ নয়, নতুন করে উদ্বেগ তৈরি করেছে কাজে যোগ দিয়েও শ্রমিকদের উৎপাদনে অংশ না নেওয়ার ঘটনা। কোথাও শ্রমিকরা হাজিরা দিয়ে কর্মবিরতি পালন করছেন, কোথাও আবার কারখানা খুলে দেওয়ার পরও নিরাপত্তার কারণে মালিকপক্ষকে উৎপাদন বন্ধ রাখতে হচ্ছে। এতে শ্রমিকদের আয় যেমন অনিশ্চিত হয়ে পড়ছে, তেমনি উৎপাদন ছাড়াই শ্রমিক ও কারখানার অন্যান্য ব্যয় বহন করতে হচ্ছে উদ্যোক্তাদের। শিল্পসংশ্লিষ্টদের আশঙ্কা, এ পরিস্থিতি দীর্ঘায়িত হলে শুধু পোশাকশিল্প নয়, দেশের রফতানি আয়, বৈদেশিক মুদ্রার প্রবাহ, বিনিয়োগ, কর্মসংস্থান এবং সামগ্রিক অর্থনীতিতেও নেতিবাচক প্রভাব পড়বে। বিশেষ ● ২-এর পাতায় দেখুন

অসন্তোষের জেরে দেশের প্রধান শিল্পাঞ্চলগুলোতে উৎপাদন ব্যাহত হয়েছে। একপর্যায়ে এক দিনেই ৬৭৯টি কারখানায় উৎপাদন বন্ধ হয়ে যায়। এতে কাজে যোগ দিতে পারেননি প্রায় ১৬ লাখ ৮০ হাজার শ্রমিক। পরিস্থিতি স্বাভাবিক হওয়ার আশা তৈরি হলেও অস্থিরতা পুরোপুরি কাটেনি।

চাঁদপুরে দুই ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুরে মেয়াদোত্তীর্ণ সার্জিক্যাল পণ্য বিক্রির জন্য সংরক্ষণ এবং বিদেশি পণ্যে আমদানিকারকের স্টিকার না থাকায় দুই প্রতিষ্ঠানকে মোট ১৩ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। একই অভিযানে দুই ভোক্তার লিখিত অভিযোগের নিষ্পত্তি করে তাদের প্রতিকারও নিশ্চিত করা হয়েছে।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) চাঁদপুর শহরের মীর শপিং কমপ্লেক্স, জে এম সেনগুপ্ত রোড ও কালীবাড়ি এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানকালে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী ● ২-এর পাতায় দেখুন

হাইমচরে অবৈধ কারেন্ট জাল জব্দ, দুই ব্যক্তিকে জরিমানা

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলার সাহেবগঞ্জ বাজারে অবৈধভাবে কারেন্ট জাল বিক্রির অভিযোগে ভ্রাম্যমাণ আদালত (মোবাইল কোর্ট) পরিচালনা করা হয়েছে। ১২ নভেম্বর ২০২৬ বৃহস্পতিবার পরিচালিত এ অভিযানে তিনটি গোডাউন থেকে বিপুল পরিমাণ কারেন্ট জাল জব্দ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ নজরুল ইসলাম এই মোবাইল কোর্ট পরিচালনা করেন। অভিযানে সার্বিক সহযোগিতা প্রদান করে কোস্ট গার্ড চাঁদপুর এবং সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাইমচর। দোষ স্বীকার করার প্রেক্ষিতে মৎস্য ● ২-এর পাতায় দেখুন

জেলেদের ৫ টন চাল আত্মসাতের অভিযোগ, প্রতিবেদন দুদকে পাঠানোর নির্দেশ

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদর উপজেলার লক্ষ্মীপুর মডেল ইউনিয়নের জেলেদের জন্য বরাদ্দ করা ৫ টন সরকারি চাল আত্মসাৎ ও কালোবাজারে বিক্রির অভিযোগে দায়ের করা প্রতিবেদন দুর্নীতি দমন কমিশনে (দুদক) পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) বিকেলে ঘটনার সুষ্ঠু অনুসন্ধান ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য চাঁদপুর সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) দাখিল করা প্রতিবেদনটি দুদক সচিব বরাবর পাঠানোর আদেশ দিয়েছেন চাঁদপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মুজাহিদুর রহমান।

আদালত থেকে জানানো হয়, গত ১১ অক্টোবর চাঁদপুর সদর উপজেলার লক্ষ্মীপুর মডেল ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা গোলাম মোস্তফা চাঁদপুর সিএসডি গোডাউন থেকে জেলেদের জন্য বরাদ্দ করা ৫ টন সরকারি চাল গ্রহণ করেন। অভিযোগ রয়েছে, চালগুলো প্রকৃত উপকারভোগী জেলেদের মধ্যে বিতরণ না করে এক ব্যবসায়ীর কাছে বিক্রি করে দেন তিনি। পরে ওই চাল ট্রাকে করে কুমিল্লার লাকসাম উপজেলায় পাচারের চেষ্টা করা হয়।

ঘটনার দিন বিকেলে চাঁদপুর সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট চালবোঝাই ট্রাকটি আটক করেন। এ ঘটনায় ওই দিন রাতেই চাঁদপুর সদর মডেল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি নম্বর-৬৫১) করেন ১০নং লক্ষ্মীপুর মডেল ইউনিয়নের প্রশাসক ও উপজেলা মৎস্য কর্মকর্তা মির্জা ওমর ফারুক।

আদালতের আদেশে বলা হয়েছে, সরকারি চাল আত্মসাৎ, ক্রয়-বিক্রয় ও পরিবহনের অভিযোগটি প্রাথমিকভাবে দণ্ডবিধি ও সংশ্লিষ্ট ধারায় শাস্তিযোগ্য অপরাধ। একই সঙ্গে এটি দুর্নীতি দমন কমিশন আইনে তফসিলভুক্ত অপরাধ।

আদেশে আরও উল্লেখ করা হয়, দুর্নীতি দমন কমিশন আইনের ১৭ ধারা অনুযায়ী এ ধরনের অপরাধের ● ২-এর পাতায় দেখুন

১৬ পেরিয়ে ১৭ বছরে পা রাখলো চাঁদপুর প্রতিদিন

নিজস্ব প্রতিবেদক

আজ ১৩ নভেম্বর। অসংখ্য পাঠক আর শুভানুধ্যায়ীদের মন জয় করে পত্রিকাটি ১৬ বছর পূর্ণ করে ১৭



বছরে পা রাখলো। ২০১০ খ্রিস্টাব্দের এই দিনে কলেবরে প্রকাশ হয় চাঁদপুর প্রতিদিন। ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
১৩ নভেম্বর ২০২৬
শুক্রবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

স্থান পরিবর্তন

পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।

নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।

নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স



WALTON KONKA GREE কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE
মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

শুক্রবার ১৩ নভেম্বর ২০২৬, ২৮ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ২ জমা: সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

নতুন মার্কিন হামলা হলে ১০ গুণ কঠোর জবাবের হুঁশিয়ারি ইরানের

দিগন্ত ডেস্ক

যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে নতুন করে হামলা চালানো হলে আগের তুলনায় ১০ গুণ বেশি কঠোর জবাব দেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছে ইরানের সশস্ত্র বাহিনী।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানে ভবিষ্যতে যেকোনও হামলা আগের তুলনায় পাঁচ গুণ বেশি শক্তিশালী হবে বলে হুমকি দেওয়ার পর তেহরান এ পাল্টা হুঁশিয়ারি দিল।

ইরানের সশস্ত্র বাহিনীর জ্যেষ্ঠ মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল আবুলফজল শেখারচি বলেছেন, ট্রাম্পের দাবি সত্যি হলে ইরানের সশস্ত্র বাহিনীর জবাব হবে ১০ গুণ বেশি কঠোর। ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের ঘনিষ্ঠ সংবাদমাধ্যম নূর নিউজের বরাতে এ তথ্য জানা গেছে।

৩-এর পাতায় দেখুন

জ্বালানি বিষয়ক সাংবাদিকতায় ফেলোশিপ পেলেন ফরিদগঞ্জের মহিউদ্দিন রাব্বানি

স্টাফ রিপোর্টার



জ্বালানি খাত নিয়ে অনুসন্ধানী ও বিশ্লেষণধর্মী সাংবাদিকতার স্বীকৃতি হিসেবে মিডিয়া ফেলোশিপ পেয়েছেন ঢাকা মেইলের নিজস্ব প্রতিবেদক মহিউদ্দিন রাব্বানি। গত সেপ্টেম্বরে প্রকাশিত 'বিশ্বব্যাংক গোষ্ঠীর অর্থায়নই কি বাড়াচ্ছে গ্যাসে আমদানি-নির্ভরতা?' শীর্ষক প্রতিবেদনের জন্য তাকে এ ফেলোশিপে মনোনীত করেছে কোস্টাল লাইভলিহুড অ্যান্ড এনভাইরনমেন্টাল অ্যাকশন নেটওয়ার্ক (ক্লিন)। নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশ নিয়ে কাজ করা সংস্থাটি জ্বালানি খাতের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে সাংবাদিকতার স্বীকৃতি হিসেবে এ ফেলোশিপ প্রদান করছে।

মহিউদ্দিন রাব্বানি চাঁদপুরের ফরিদগঞ্জের সন্তান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। ছোটবেলা থেকেই পত্রপত্রিকা পড়া ও লেখালেখির প্রতি আগ্রহ তার। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে সাংবাদিকতা পেশায় যুক্ত হন। বর্তমানে ঢাকা মেইলে নিজস্ব প্রতিবেদক হিসেবে কর্মরত রয়েছেন। এর আগে তিনি দৈনিক সংবাদ, দৈনিক আমার সংবাদ, দৈনিক সবুজ বাংলা ও দৈনিক বাণিজ্য ৩-এর পাতায় দেখুন

দুই দিনের সফরে মতলবে আসছেন সংসদ সদস্য জালাল উদ্দিন

মতলব প্রতিনিধি

চাঁদপুর-২ আসনের সংসদ সদস্য মো. জালাল উদ্দিন দুই দিনের সফরে মতলব উত্তর ও দক্ষিণ উপজেলায় আসছেন। আগামী ১৩ ও ১৪ নভেম্বর (শুক্রবার ও শনিবার) তিনি দুই উপজেলার বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন। সংসদ সদস্যের ব্যক্তিগত সহকারীর স্বাক্ষরিত সফরসূচি থেকে এ তথ্য জানা গেছে।

সফরসূচি অনুযায়ী, শুক্রবার (১৩ নভেম্বর) সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত মতলব দক্ষিণে সাধারণ মানুষ ও দলীয় নেতাকর্মীদের সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি। বিকেল ৩টায় আশ্বিনপুর হাইস্কুল মাঠে আয়োজিত ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা উপভোগ করবেন। সন্ধ্যা সাড়ে ৬টায় নায়েরগাঁও কালীমন্দিরে হিন্দু সম্প্রদায়ের একটি অনুষ্ঠানে অংশ

৩-এর পাতায় দেখুন

আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় সমিতির প্রশাসনিক পর্ষদের পূর্ণ সদস্য নির্বাচিত

ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. আর. কবির



অস্ট্রেলিয়ার পার্থে মারডক বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইউনিভার্সিটিজের (আইএইউ) এর ১৭তম সাধারণ সম্মেলনে বক্তব্য রাখছেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) উপাচার্য অধ্যাপক ড. এম. আর. কবির।

প্রেস বিজ্ঞপ্তি

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) উপাচার্য অধ্যাপক ড. এম. আর. কবির ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইউনিভার্সিটিজের (আইএইউ) প্রশাসনিক পর্ষদের পূর্ণ সদস্য নির্বাচিত হয়েছেন। ২০২৬-২০৩০ মেয়াদের জন্য এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের প্রতিনিধি হিসেবে তিনি এ দায়িত্ব পেয়েছেন। ৩ থেকে ৬ নভেম্বর ২০২৬ পর্যন্ত অস্ট্রেলিয়ার পার্থে মারডক বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত আইএইউর ১৭তম সাধারণ সম্মেলনে সদস্য নির্বাচনের এ ঘোষণা দেওয়া হয়। সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'দ্য ভ্যালু অব ইউনিভার্সিটিজ ইন দ্য এরা অব আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স'।

এ নির্বাচনের বিষয়ে অধ্যাপক ড. এম. আর. কবির বলেন, "আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় সমিতির প্রশাসনিক পর্ষদের সদস্য হিসেবে নির্বাচিত হওয়া আমার জন্য অত্যন্ত সম্মানের ও দায়িত্বের বিষয়। আমি মনে করি, এ দায়িত্বের মাধ্যমে বাংলাদেশের উ"চশিক্ষা ব্যবস্থার অর্জন, সম্ভাবনা ও ৩-এর পাতায় দেখুন

৩৫ হাজার নাগরিকের এনআইডি লক

দিগন্ত ডেস্ক

সফটওয়্যার জটিলতার কারণে ৩৫ হাজার নাগরিকের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) লকড হয়ে আছে। এ পরিস্থিতির উন্নতি কবে হবে তা নির্দিষ্ট করে এখনই বলতে পারছে না নির্বাচন কমিশন (ইসি)। বৃহস্পতিবার (১২ নভেম্বর) ইসির এনআইডি শাখার কর্মকর্তারা বিষয়টি জানিয়েছেন।

জানা গেছে, আঙুলের ছাপের কোয়ালিটি কমে অন্যের সাথে আঙুলের ছাপ মিলে যাওয়াসহ বিভিন্ন কারণে এসব নাগরিকের এনআইডি লক অবস্থায় রয়েছে। এ জন্য সফটওয়্যার উন্নয়নের কাজ করছে সংস্থাটি।

ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ এ বিষয়ে বলেন, সফটওয়্যার তৈরির কাজ চলছে। এটি প্রস্তুত হলে উপজেলা পর্যায় থেকেই সমস্যার সমাধান মিলবে। বর্তমানে আমাদের কাছে যারা জানাচ্ছে তাদেরটা আনলক করে দিচ্ছি।



হাইমচরে ২৬ শিক্ষাপ্রতিষ্ঠানের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতার ফাইনালে প্রধান অতিথির বক্তব্য রাখছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম।

হাইমচরে ২৬ শিক্ষাপ্রতিষ্ঠানের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতা

বিতর্ক চর্চায় শিক্ষার্থীদের মেধা ও মননের বিকাশ ঘটবে : ইউএনও নজরুল ইসলাম

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলার শিক্ষার্থীদের মেধা, মনন ও দক্ষতা বিকাশে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হবে। পাশাপাশি শিক্ষার্থীরা যাতে জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে, সেভাবে তাদের প্রস্তুত করা হবে বলে জানিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) সকালে উপজেলার দুর্গাপুর হাই স্কুল অ্যান্ড কলেজ অডিটোরিয়ামে আয়োজিত ৩য় আন্তঃস্কুল, মাদ্রাসা ও কলেজ বিতর্ক প্রতিযোগিতা-২০২৬-এর ফাইনাল রাউন্ডে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ইউএনও মো. নজরুল ইসলাম বলেন, ২৬টি শিক্ষাপ্রতিষ্ঠানকে নিয়ে এ ধরনের বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা অত্যন্ত কষ্টসাধ্য কাজ। যারা এমন একটি মহৎ উদ্যোগ বাস্তবায়ন করেছেন, তাদের প্রতি রইল ধন্যবাদ ও কৃতজ্ঞতা। এ ধরনের আয়োজন করতে ব্যাপক অর্থের প্রয়োজন হয় উল্লেখ করে তিনি বলেন, হাইমচরের শিক্ষাক্ষেত্রে নতুন নতুন উদ্যোগ গ্রহণের পরিকল্পনা রয়েছে। এ ক্ষেত্রে বিতর্ক একাডেমির সহযোগিতা প্রয়োজন। ভবিষ্যতে বিতর্ক একাডেমির যেকোনো আয়োজনে উপজেলা প্রশাসন সার্বিক সহযোগিতা করবে।

তিনি আরও বলেন, হাইমচরের শিক্ষার্থীদের আরও মেধাবী ও চৌকস করে গড়ে তুলতে বিভিন্ন ইভেন্টের আয়োজন করা হবে। তারা যেন জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিতে পারে, সে লক্ষ্যেই কাজ করা হবে। সবার সহযোগিতা ৩-এর পাতায় দেখুন

বইয়ের জন্য কলেজে না যাওয়া শিক্ষার্থীর পাশে মতলবের ইউএনও

মতলব দক্ষিণ প্রতিনিধি



বই কিনতে না পারায় কলেজে যাওয়া বন্ধ করে দেয় জিপিএ -৫ পাওয়া এক মেধাবী শিক্ষার্থী। সে মতলব সরকারি কলেজের একাদশ শ্রেণির ব্যবসায় শিক্ষা শাখার ছাত্রী। বাবা একজন সিএনজি চালক।অন্যের বাসায় ভাড়া থেকে টিউশনি করে লেখাপড়ার টাকা যোগাড় করতো ওই ছাত্রী।

মতলবগন্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ব্যবসা শিক্ষা শাখা থেকে জিপিএ ৫ পেয়ে উত্তীর্ণ হয়। ভর্তি হয় মতলব সরকারি কলেজে।

হতদরিদ্র বাবা মায়ের জিপিএ -৫ প্রাপ্ত কণ্যা অর্থের অভাবে বই কিনতে পারেনি। কলেজের প্রিন্সিপাল আবুল কালাম আজাদের নিকট ওই ছাত্রী একসেট বইয়ের জন্য আবেদন করে বই না পেয়ে কলেজে যাওয়া বন্ধ করে দেয়। এমন খবরটি পাওয়ামাত্র মঙ্গলবার ৩-এর পাতায় দেখুন



দৈনিক কালের সমাজের অষ্টম বর্ষপূর্তি উপলক্ষে কেক কাটছেন অতিথিবৃন্দ।

ফরিদগঞ্জে দৈনিক কালের সমাজের অষ্টম বর্ষপূর্তি উদ্যাপন

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে জাতীয় দৈনিক কালের সমাজ পত্রিকার অষ্টম বর্ষপূর্তি উদ্যাপন করা হয়েছে। পত্রিকাটির ফরিদগঞ্জ উপজেলা প্রতিনিধি মোঃ ইয়াছিন হোসেন পলোয়ানের আয়োজনে ১২ নভেম্বর (বৃহস্পতিবার) বিকেল ৩টায় ফরিদগঞ্জ টাইমস এর কার্যালয়ে পত্রিকাটির বর্ষপূর্তি উপলক্ষে কেক কাটা, আলোচনা সভা ও শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরিদগঞ্জ সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ প্রফেসর শাহ মোহাম্মদ মাসুম বিল্লাহ।

ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক নুরুল ইসলাম ফরহাদের সভাপতিত্বে ও ফরিদগঞ্জ লেখক ফোরামের সাধারণ সম্পাদক তারেক রহমান তারুর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম ভূঁইয়া, সহ-সভাপতি ও দৈনিক ইত্তেফাক পত্রিকার ফরিদগঞ্জ উপজেলা প্রতিনিধি সহকারি অধ্যাপক মোঃ মহিউদ্দিন, ফরিদগঞ্জ উপজেলা জামায়াতের সেক্রেটারি এডভোকেট মোঃ সাখাওয়াত হোসেন, ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক প্রবীর চক্রবর্তী, ফরিদগঞ্জ পৌর বিএনপি'র যুগ্ম আহবায়ক ও পৌর ৪নং ওয়ার্ডের সম্ভাব্য কাউন্সিলর পদপ্রার্থী ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে জিপিএ-৫ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দিয়েছে বিদ্যালয় কর্তৃপক্ষ।

১২ নভেম্বর (বৃহস্পতিবার) দুপুরে বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলেয়া খাতুন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বিশিষ্ট ব্যবসায়ী ইমাম হোসেন পাটওয়ারী।

সহকারী শিক্ষক হেলাল উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক প্রবীর চক্রবর্তী, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আবুল কাশেম কবির, ফরিদগঞ্জ বালিকা দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, উপজেলা কিন্ডারগার্টেন

৩-এর পাতায় দেখুন



শাহরাস্তি মেহের কালীবাড়ী বাজারে মোবাইল কোর্টে পরিচালনা করছেন সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সামছুজ্জামান।

শাহরাস্তিতে চিংড়ি মাছে বিষাক্ত জেলি ব্যবহারে জরিমানা

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি মেহের কালীবাড়ী বাজারে চিংড়ি মাছে বিষাক্ত জেলি ব্যবহারের অভিযোগে ২০ হাজার টাকা অর্থদন্ড প্রদান করা হয়েছে। স্থানীয় এলাকাবাসীর অভিযোগের পরিপ্রেক্ষিতে শাহরাস্তি উপজেলা নির্বাহী কর্মকর্তার সার্বিক দিক নির্দেশনায় উপজেলার কালীবাড়ি বাজারে মোবাইল কোর্ট পরিচালিত হয়।

অভিযোগের সত্যতা পাওয়ায় চিংড়ি ব্যবসায়ি ওমর ফারুক (৪৫), সুশীল (৪৫)কে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪১ ধারার অপরাধে অভিযুক্ত ব্যক্তিগণকে মোবাইল কোর্টের মাধ্যমে ২০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সামছুজ্জামান। ??উক্ত মোবাইল কোর্টে সার্বিক সহযোগিতা করেন শাহরাস্তির নিরাপদ খাদ্য পরিদর্শক মোঃ ফায়দুল্লাহ মিয়া ও উপজেলা আনসার সদস্য।

ফরিদগঞ্জে সড়ক দুর্ঘটনায় সাংবাদিক শিমুল হাছান আহত

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ-রায়পুর আঞ্চলিক সড়কের চতুরা নামক স্থানে মোটরসাইকেল দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন সাংবাদিক শিমুল হাছান। বুধবার (১১ নভেম্বর) রাত ৮টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

সাংবাদিক শিমুল হাসান ফরিদগঞ্জ



সাংবাদিক শিমুল হাছান।

প্রেসক্লাবের কার্যনির্বাহী কমিটির সদস্য। তিনি দৈনিক আমার সংবাদ, এনপিবি, চাঁদপুর প্রবাহ ও চাঁদপুর টাইমসের ফরিদগঞ্জ প্রতিনিধি হিসেবে কর্মরত রয়েছেন।

দুর্ঘটনায় তাঁর নাকের হাড় ভেঙে

৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ১৩ নভেম্বর

১৮৩৩ সালে মহা উল্কা ঝড় সংঘটিত হয়। ১৮৭২ সালে সাপ্তাহিক 'সমাজ দর্পণ' প্রকাশিত হয়। ১৯৪৫ সালে সুকর্ন ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি হন। ১৯৭০ সালে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে পূর্ব বাংলায় পাঁচ লাখ লোকের প্রাণহানি ঘটে। ১৯৭৪ সালে ফিলিস্তিন মুক্তি সংস্থা বা পি এল ও'র নেতা ইয়াসির আরাফাত জাতিসংঘের সাধারণ পরিষদে ভাষণ দেন। ১৯৭৭ সালে ঢাকায় বিজ্ঞান জাদুঘর উদ্বোধন করা হয়। এইদিন বিশ্ব দয়া দিবস পালিত হয়।

ডিসেম্বরের আগে মালয়েশিয়ায় কর্মী পাঠাতে চায় সরকার

নিজস্ব প্রতিবেদক

মালয়েশিয়ায় কর্মী প্রেরণের জন্য এখন পর্যন্ত ৫৬৮টি ডিমান্ড লেটার পেয়েছে সরকার। সব প্রক্রিয়া চূড়ান্ত করে মালয়েশিয়ার কোম্পানি ডিএইচএলের মাধ্যমে ডিসেম্বরের আগে দেশটিতে কর্মী পাঠাতে চায় সরকার। বৃহস্পতিবার (১২ নভেম্বর) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)-এর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ রাশেদুল হক। রাশেদুল হক বলেন, আমরা আজ পর্যন্ত ৫৬৮টি ডিমান্ড লেটার পেয়েছি। ডিসেম্বরের পূর্বে আমরা চূড়ান্ত করে ফেলব। ডিএইচএলের সহযোগিতা পেলে আমরা দ্রুত তাদেরকে বিদেশে পাঠাতে পারব। ডিসেম্বরের আগে আমি চাইছি, এখন যদি কোনো কারণে একদিন দুইদিন দেরি হয় সেটা ভিন্ন ইস্যু। কিন্তু চাইছি ডিএইচএলের মাধ্যমে সেটা শুরু হোক।

বোয়েসেল-এর মাধ্যমে সম্পূর্ণ বিনা অভিবাসন ব্যয়ে মালয়েশিয়ায় মোট ১০ হাজার কর্মী প্রেরণের উদ্যোগ নেওয়া হয়েছে। চাহিদা প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে এই কার্যক্রম বাস্তবায়ন করা ৩-এর পাতায় দেখুন

ঢাকায় ক্রিকেট টুর্ণামেন্টে ক্লীন চাঁদপুর ক্রিকেট একাডেমি গ্রুপ চ্যাম্পিয়ন

স্পোর্টস রিপোর্টার

ঢাকা সিটি ক্লাব মাঠে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৮ ক্রিকেট টুর্নামেন্টে গ্রুপ চ্যাম্পিয়ন হয়েছে ক্লীন চাঁদপুর ক্রিকেট একাডেমি।

বৃহস্পতিবার ১২ নভেম্বর ২০২৬ ক্লীন চাঁদপুর ক্রিকেট একাডেমী অনূর্ধ্ব-১৮ ক্রিকেট দল মুখোমুখি হয় বনানী ক্রিকেট ক্লাবের সাথে। বনানী ক্রিকেট ক্লাব ২০ ওভারে প্রথমে ব্যাটিং করে ১৭২ রান রান সংগ্রহ করে। জবাবে ক্লীন চাঁদপুর ক্রিকেট একাডেমী অনূর্ধ্ব-১৮ ক্রিকেট দল ১৫ ওভার ৩ বলে ১৭৩

৩-এর পাতায় দেখুন

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটর: মোঃ আব্দুল গফুর
• সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
• অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজি নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রস্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

সারাদেশে অবৈধ ইটভাটা বন্ধে হাইকোর্টের নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

সারাদেশের অবৈধ ইটভাটা বন্ধে সব বিভাগীয় কমিশনার ও পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এ আদেশ প্রতিপালন করে আগামী ১৪ ডিসেম্বরের মধ্যে আদালতে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) বিচারপতি জে বি এম হাসান ও বিচারপতি আজিজ আহমদ ভূঞার হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে আবেদনের পক্ষে ছিলেন সিনিয়র আইনজীবী মনজিল মোরসেদ।

ইটভাটা মালিকদের পক্ষে ছিলেন আইনজীবী মোহাম্মদ আলী। পরিবেশ অধিদপ্তরের পক্ষে ছিলেন আইনজীবী মুনতাসির উদ্দিন আহমেদ।

আইনজীবী মনজিল মোরসেদ জানান, এইচআরপিবির করা জনস্বার্থের মামলায় হাইকোর্ট ২০২২ সালের ১৩ নভেম্বর রুল জারি করে অবৈধ ইটভাটার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেন। একপর্যায়ে ইটভাটা মালিক সমিতির পক্ষে এই মামলায় আবেদন দাখিল করে আদালতের আদেশ

৩-এর পাতায় দেখুন

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ — ২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এম.এসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্ণবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
সহকারি রেজিস্ট্রার (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্ট্রার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
• এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
• মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
• সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
• উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
• ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
• জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
• প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
• ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*, যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক ঃ *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি ঃ *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ ঃ *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
শুক্রবার ॥ ১৩ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

ভাঙা ও বেহাল সেতু দ্রুত সংস্কার ও নির্মাণের উদ্যোগ নিন

একটি সেতু যদি বছরের পর বছর ধরে ধরে ভাঙা ও দৈন্য অবস্থায় পড়ে থাকে, তবে তা অত্র অঞ্চলের সাধারণ জনগণের শিক্ষা, চিকিৎসা, অর্থনীতি ও দৈনন্দিন জীবনযাপনে কতটা গুরুতর প্রভাব ফেলতে পারে, তা সহজেই অনুমেয়। সম্প্রতি প্রথম আলোয় প্রকাশিত পটুয়াখালীর দশমিনা এবং পিরোজপুর সদরের দুটি ভিন্ন সংবাদে স্থানীয় সরকারের অদূরদর্শিতা, তদারকির অভাব এবং আমলাতান্ত্রিক জটিলতার ঘূর্ণিপাকে পড়ে সাধারণ জনগণের চরম মাশুল গোনার চিত্রই ফুটে উঠেছে। পটুয়াখালীর দশমিনা উপজেলার সুতাবাড়িয়া নদীর ওপর ২০১৪-১৫ অর্থবছরে নির্মিত সেতুটি ২০১৬ সালে একটি বালুবোঝাই কার্গোর ধাক্কায় ভেঙে পড়ে। এতে এক শিশু নিহত হয়। তারপর থেকে টানা ১০ বছর ধরে পুনর্নির্মাণের কোনো উদ্যোগ না নেওয়া কেবল প্রশাসনিক উদাসীনতাই নয়, বরং সরকারি অর্থের অপচয়ের এক ভয়াবহ চিত্র তুলে ধরে। প্রায় ১০টি গ্রামের অন্তত ১০ হাজার মানুষ যোগাযোগবিচ্ছিন্ন অবস্থায় দিন কাটাচ্ছে। শিক্ষার্থীদের ঝুঁকি নিয়ে নদী পার হতে হচ্ছে, আর অসুস্থ রোগীদের জেলা বা উপজেলা সদরে নেওয়ার স্বাভাবিক পথ বন্ধ হয়ে গেছে।

হাইমচরে অবৈধ কারেন্ট

রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী শাহাদাত সরদার (৩২) ও ওসমান গনি সরদার (৩২) নামের দুই ব্যক্তিকে ৪০ হাজার টাকা করে মোট ৮০,০০০ (আশি হাজার) টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। অভিযান শেষে জব্দকৃত অবৈধ কারেন্ট জালগুলো বিধি মোতাবেক বিনষ্ট করার জন্য কোস্ট গার্ড চাঁদপুর এবং হাইমচরের সিনিয়র মৎস্য কর্মকর্তাকে নির্দেশনা দেওয়া হয়।

চাঁদপুরে দুই ব্যবসা

মেয়াদোত্তীর্ণ সার্জিক্যাল পণ্য বিক্রির উদ্দেশ্যে সংরক্ষণ করায় বায়ো কেয়ার সার্জিক্যালকে ১০ হাজার টাকা এবং বিদেশি পণ্যে আমদানিকারকের স্টিকার না থাকায় হার ইউনিভার্সকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান এ জরিমানার আদেশ দেন। প্রতিষ্ঠান দুটি তাৎক্ষণিকভাবে জরিমানার অর্থ পরিশোধ করে এবং ভবিষ্যতে এ ধরনের অনিয়ম না করার অঙ্গীকার করে।

এদিকে, অভিযানে দুই ভোক্তার লিখিত অভিযোগেরও নিষ্পত্তি করা হয়। এর মধ্যে একজন ভোক্তা মীর শপিং কমপ্লেক্সের সোহাগ সুজ থেকে নতুন এক জোড়া জুতা কেনার কয়েক দিনের মধ্যে সোল উঠে যাওয়ায় লিখিত অভিযোগ করেন। অভিযোগের সত্যতা পাওয়ায় প্রতিষ্ঠানটির পক্ষ থেকে ওই ভোক্তাকে নতুন এক জোড়া জুতা দেওয়া হয়।

অন্যদিকে, হার ইউনিভার্স থেকে পণ্য কেনার পর তা পছন্দ না হওয়ায় এক ভোক্তা লিখিত অভিযোগ করেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটির পক্ষ থেকে ওই ভোক্তাকে পণ্যের মূল্য ফেরত দেওয়া হয়।

১৬ পেরিয়ে ১৭ বছরে

প্রকাশনার ১৬ বছরে পাঠক সমাজের উৎসাহ আর প্রেরণা ছিল মূখ্য। গত ষোল বছরে চাঁদপুর প্রতিদিনকে চাঁদপুরবাসী গ্রহণ করেছে পরম মমতায় আর ভালবাসায়। আধুনিক সংবাদপত্রের ভূমিকায় পত্রিকা তার স্বীয় বৈশিষ্ট্যে অটল। এর লিখনীর বস্তুনিষ্ঠতা, নিরপেক্ষতায় সামান্যতম কালো আঁচড় লাগেনি। রাষ্ট্রীয়, স্থানীয় রাজনীতিক, সামাজিক, অর্থনৈতিক এবং নানাবিধ সমস্যাগুলো তুলে ধরেছে চাঁদপুর প্রতিদিন। কোন গোষ্ঠী কিংবা ব্যক্তি স্বার্থের বলয়ে থেকে সংবাদ প্রকাশ করেনি পত্রিকাটি। এই অঙ্গীকারে অবিচল পত্রিকা পরিবার। চাঁদপুরের সমস্যা ও সম্ভাবনার কথা চিহ্নিত করে পাঠকের প্রত্যাশা মিটিয়েছে পত্রিকা। প্রকাশিত সংবাদের কারণে অসংখ্য সমস্যাদির সমাধানও হয়েছে।

চাঁদপুরের ৮ উপজেলায় কর্মরত চাঁদপুর প্রতিদিনের কলম সৈনিক নিজস্ব প্রতিবেদকরা এবং প্রধান কার্যালয়ে কর্মরত সংবাদকর্মিরা পরিশ্রম করে এগিয়ে নিচ্ছে চাঁদপুর প্রতিদিনকে। স্থানীয় প্রশাসন, সুধী সমাজ সর্বদাই পত্রিকার সাফল্য কামনা করেছেন, নিউজ সরবরাহে সার্বিক সহযোগিতা করেছেন। পত্রিকাটির কোন প্রকাশিত নিউজ নিয়ে অহেতুক বিতর্কের সৃষ্টি হয়নি বরং হয়েছে আলোচনা এবং প্রকাশিত কোন কোন সংবাদ নিয়ে হয়েছে গঠনমূলক সমালোচনা। তবে প্রকাশনা শিল্পের প্রাপ্তি কোনভাবেই কম নয়। কিন্তু দু:খজনক হলেও সত্য, পত্রিকাটি এসময়ে চরম আর্থিক সংকটের সম্মুখিন। এর প্রকাশার ব্যয়ভার বহন করাটা চরম একটা কষ্টকর হয়ে উঠেছে। প্রকাশনা নিরবচ্ছিন্ন রাখা দুরূহ হয়ে পড়েছে। তারপরও এই অলাভজনক এ সৃজনশীল প্রতিষ্ঠান একটি সুন্দর বাংলাদেশ বিনির্মানে, চাঁদপুর এবং দেশের ও দেশের মানুষের পক্ষে, ন্যায়ের পক্ষে কথা বলার জন্য দাঁড়াতে চায়! আর সেজন্য আমরা সবার সহযোগিতা চাই। সবশেষ আমাদের চাঁদপুর প্রতিদিনের পথচলায় শুরু থেকেই পেয়ে আসা পত্রিকার অসংখ্য পাঠক, শুভানুধ্যায়ী, জেলার সকল স্তরের সাংবাদিক, চাঁদপুর প্রেসক্লাবের সকল সদস্য সহকর্মী,





এজেন্ট এবং সংবাদপত্রসেবীদের শুভ কামনা অব্যাহত থাকবে এই মাহেন্দ্রক্ষণে এটাই আমাদের প্রত্যাশা।

জেলেদের ৫ টন চাল

অনুসন্ধান, তদন্ত ও মামলা দায়েরের এখতিয়ার কেবল দুর্নীতি দমন কমিশনের। ফলে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের এ অপরাধ আমলে নেওয়ার এখতিয়ার নেই।

এ অবস্থায় সরকারি চাল আত্মসাতের অভিযোগের সুষ্ঠু অনুসন্ধান ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের স্বার্থে চাঁদপুর সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়েজ আহমেদকে দাখিল করা প্রতিবেদনটি দুর্নীতি দমন কমিশনের সচিব ঢাকা বরাবর পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

ডেঙ্গুতে মারা গেলেন

প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। পরে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়।

পরিবার সূত্রে জানা যায়, সোমবার (৯ নভেম্বর) সন্ধ্যায় অসুস্থ হয়ে পড়লে ফয়সাল শেখকে প্রথমে চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে নেওয়া হয়। পরে ওই রাতেই তাকে শহরের বেসরকারি রেইনবো হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে পরীক্ষা-নিরীক্ষায় তার ডেঙ্গু শনাক্ত হয়। মঙ্গলবার (১০ নভেম্বর) দুপুরে শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য দ্রুত ঢাকার ইউনাইটেড হাসপাতালে পাঠানো হয়। সেখানে আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এদিকে ফয়সাল শেখের মৃত্যুতে চাঁদপুর পৌরসভার প্রশাসক, কর্মকর্তা ও কর্মচারীরা গভীর শোক প্রকাশ করেছেন। তারা মরহুমের রুহের মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

সংশোধনের বিষয়টি সংসদে

সাংবাদিকদের দীর্ঘদিনের একটি গুরুত্বপূর্ণ দাবি জাতীয় সংসদে উত্থাপিত হওয়ায় বিষয়টি নতুন করে গুরুত্ব পেয়েছে।

চাঁদপুর ৮ উপজেলা ও পৌরসভা

কেন্দ্রীয় কার্যালয়ে এক সভায় ২০২৭-২০২৮ সেশনের জন্য নির্বাচিত আমিরদের নাম ঘোষণা করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও জেলা আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

এর আগে দলের রুকনদের (সদস্য) গোপন ব্যালটে আমির নির্বাচন অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার দুপুরে চাঁদপুর জেলা জামায়াতের নির্বাচন বিভাগের প্রধান এডভোকেট মো: মাসুদুল ইসলাম বুলবুল স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

দলীয় সূত্র জানায়, গঠনতন্ত্র অনুযায়ী দুই বছর মেয়াদে জেলার মজলিশে সুরা সদস্য নির্বাচনের জন্য গত ৮ নভেম্বর সকাল থেকে বিকেল পর্যন্ত রোকন সম্মেলনে সারা জেলার গোপন ব্যালটে রুকনদের ভোটগ্রহণ করা হয়।

চাঁদপুর জেলা জামায়াতের নির্বাচন বিভাগের প্রধান এডভোকেট মো: মাসুদুল ইসলাম বুলবুলের নেতৃত্বে টিম সদস্যের নির্বাচন কমিশন এ ভোটগ্রহণ পরিচালনা করে। এ ছাড়া প্রতিটি পৌরসভা ও উপজেলার নির্বাচনের জন্য আলাদা প্রিসাইডিং অফিসার নিয়োগ দেয় জেলা নির্বাচন কমিশন।

সংশ্লিষ্ট শাখায় রুকন সম্মেলনের মাধ্যমে ভোটগ্রহণ শেষে নির্বাচিতদের নাম প্রকাশ করেন জেলা আমির মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী।

উপজেলা/পৌরসভা আমীর নির্বাচন যারা:- চাঁদপুর পৌরসভা এড. মোঃ শাহজাহান খান , সদর উপজেলা মাওলানা আফছার উদ্দিন মিয়াজী, ফরিদগঞ্জ উপজেলা মাওলানা ইউনুছ হেলাল, ফরিদগঞ্জ পৌরসভা মাওলানা মিজানুর রহমান,

হাজীগঞ্জ উপজেলা বি.এম. কলিম উল্ল্যাহ, হাজীগঞ্জ পৌরসভা মাওলানা আবুল হাছানাত, শাহরাস্তী উপজেলা মোঃ মোস্তফা কামাল, শাহরাস্তী পৌরসভা হাফেজ মাওলানা জাহাঙ্গীর আলম, কচুয়া উপজেলা এড. আবু তাহের মেছবাহ, কচুয়া পৌরসভা মাওলানা আব্দুছ সামাদ আজাদী,

মতলব উত্তর উপজেলা অধ্যাপক আবুল বাশার দেওয়ান, ছেংগারচর পৌরসভা এ.এইচ. এম রবিউল আলম, মতলব দক্ষিণ উপজেলা মাওলানা ওমর ফারুক ভূইয়া, মতলব পৌরসভা মোঃ জসিম উদ্দিন প্রধানিয়া, হাইমচর উপজেলা মাওলানা আবুল হোসাইন।

জেলা জামায়াতের নির্বাচন বিভাগের প্রধান এডভোকেট মো: মাসুদুল ইসলাম বুলবুল জানান, আগামী মেয়াদের নির্বাচনে মতলব দক্ষিণ উপজেলার আমির পদে পরিবর্তন এসেছে। এ ছাড়া কচুয়া পৌরসভার নতুন আমির নির্বাচিত হয়েছেন। ছেংগারচর পৌরসভার আমির নতুন করে কমিটি গঠন করা হয়েছে।

এক প্রশ্নের জবাবে তিনি জানান, নবনির্বাচিত আমিরদের মধ্যে তরুণ ও প্রবীণ–দুই প্রজন্মের প্রতিনিধিই রয়েছেন।

এডভোকেট মো: মাসুদুল ইসলাম বুলবুল আরো জানান, নবনির্বাচিত আমিরদের শপথ অনুষ্ঠান শুক্রবার জেলা মজলিশে শুরার বৈঠক হবে। জামায়াত আমিরের প্রতিনিধি হিসেবে জেলা আমির শপথ অনুষ্ঠান পরিচালনা করবেন।

হাজীগঞ্জে ফুটবল খেলাকে

প্রতিবেদন তৈরি করেছে। অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

এমপি নুসরাত তাবাসসুমের

এ সময় সমাবেশে দলটির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত থেকে তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন এবং অবিলম্বে এই ন্যাক্কারজনক ঘটনার সাথে জড়িত দুষ্কৃতকারীদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

উল্লেখ্য, গত ১১ নভেম্বর রাতে কুষ্টিয়ার দৌলতপুরে এনসিপি নেত্রী ও সংসদ সদস্য নুসরাত তাবাসসুম জ্যোতির গ্রামের বাড়িতে অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এর তীব্র নিন্দা জানিয়ে দেশের বিভিন্ন স্থানে প্রতিবাদ কর্মসূচি পালন করছে দলটি।

হাজীগঞ্জে দুলাল মেম্বার

রয়েছে। তবে হত্যার কারণ সম্পর্কে এখনো নিশ্চিত কোনো তথ্য জানায়নি পুলিশ।

তদন্তের স্বার্থে গ্রেপ্তার দুজনকে জিজ্ঞাসাবাদের জন্য আদালতে রিমান্ডের আবেদন করা হতে পারে বলে জানা গেছে। এ ছাড়া হত্যাকাণ্ডে ব্যবহৃত চাপাতি ও ধামা উদ্ধারের বিষয়টিও তদন্ত করছে পুলিশ।

হাজীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. কাওসার আলম ভূঁইয়া বলেন, 'বিষয়টি নিয়ে পুলিশ তদন্ত করছে। এ ঘটনায় দুজনকে আদালতে পাঠানো হয়েছে।'

পুলিশ জানিয়েছে, তদন্ত শেষে হত্যাকাণ্ডের প্রকৃত কারণ এবং এ ঘটনায় অন্য কেউ জড়িত কি না, তা জানা যাবে।

মতলবে শিশু ধর্ষণের অভিযোগে

দুধ কিনত অভিযুক্ত বিএনপি নেতার পরিবার। বুধবার বাড়িতে কেউ না থাকায় শিশুটির মা ওই বাড়িতে দুধ দিয়ে আসতে বলেন।

বাড়িতে দুধ দিয়ে ফিরে আসতে চাইলে লুৎফর রহমান মুখ চেপে ধরে ঘরে নিয়ে তাকে ধর্ষণ করেন। পরে বাড়িতে ফিরে শিশুটি মাকে ঘটনা খুলে বলে। এরপর রাতে থানায় মামলা করেন মা। পরে রাত সাড়ে ১১টার দিকে উপজেলার পয়ালীবাজার এলাকা থেকে ওই ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ।

শিশুটির মা বলেন, এ ঘটনার পর তাঁর মেয়ে মানসিকভাবে ভেঙে পড়েছে। গতকাল পড়তেও যায়নি। তিনি ওই নেতার দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন। মামলা ও গ্রেপ্তারের বিষয়টি দিগন্ত কে নিশ্চিত করেছেন মতলব দক্ষিণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাফিজুর রহমান মানিক। বৃহস্পতিবার বেলা ১১টার

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্ধি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

দিকে মুঠোফোনে তিনি বলেন, গ্রেপ্তার হওয়া ওই ব্যক্তিকে বৃহস্পতিবার দুপুরে আদালতে পাঠানো হয়েছে। পাশাপাশি মামলাটির তদন্ত চলছে।

চাঁদপুরে পুলিশের সাঁড়াশি

পুলিশের দেয়া তথ্যে জানা গেছে, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ১৭ নেতাকর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের মধ্যে চাঁদপুর সদর মডেল থানায় ৩ জন, মতলব দক্ষিণ থানায় ২ জন, মতলব উত্তর থানায় ৬ জন, হাজীগঞ্জ থানায় ২ জন, শাহরাস্তি থানায় ৩ জন এবং কচুয়া থানায় একজন রয়েছেন।

এ ছাড়া মাদকবিরোধী অভিযানে ফরিদগঞ্জ থানা-পুলিশ দুজনকে গ্রেপ্তার করেছে। এ সময় ৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। বিভিন্ন মামলায় চাঁদপুর সদর মডেল থানায় ৯ জন, হাইমচর থানায় একজন এবং ফরিদগঞ্জ থানায় ৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

অন্যদিকে, বিভিন্ন ধারা ও বিশেষ অভিযানে চাঁদপুর সদর মডেল থানায় ১০ জন, হাইমচর থানায় দুজন, ফরিদগঞ্জ থানায় ৩ জন এবং শাহরাস্তি থানায় দুজন আসামি গ্রেপ্তার করা হয়।

একই অভিযানে ১৫ জন কিশোর গ্যাং সদস্যকে আটক করা হয়েছে। তাদের মধ্যে চাঁদপুর সদর মডেল থানায় ৩ জন, ফরিদগঞ্জ থানায় ৫ জন, হাজীগঞ্জ থানায় দুজন এবং কচুয়া থানায় ৫ জন রয়েছে।

চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিয়া নূর জানান, পুলিশ সুপারের সার্বিক নির্দেশনায় অভিযান পরিচালিত হয়। অভিযানে আটক কিশোরদের যাচাই-বাছাই শেষে মুচলেকার মাধ্যমে পরিবারের জিম্মায় দেওয়া হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে। অপরাধ দমনে জেলা পুলিশের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

এপিএল ক্রিকেট লীগের

অ্যাড. কোহিনূর রশিদ, স্পেশাল পিপি অ্যাড. শিরীন সুলতানা মুক্তা, এডিশনাল পিপি অ্যাড.মনিরা চৌধুরী, ক্রীড়া সংগঠক অ্যাড. নুরুল আমিন খান আকাশ, সিনিয়র আইনজীবী অ্যাড. জসিম মেহেদী,চাঁদপুর জেলা আইনজীবী সমিতি দলের জার্সির পৃষ্ঠপোষক অ্যাড. হান্নান কাজী সহ জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক ও খেলোয়াড়রা। ঢাকা ফার্মগেটে ইন্দিরা মাঠে অংশ নিয়েছে বিভিন্ন বার সহ আইনজীবী সমিতির দল, কক্সবাজার আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে হবে কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল ও ফাইনাল।

দেশের আইনজীবীদের মধ্যে ঐক্য, সম্প্রীতি, বন্ধুত্ব এবং পেশাগত যোগাযোগ বাড়ানোর লক্ষ্যে আয়োজন 'অ্যাডভোকেটস প্রিমিয়ার লিগ বাংলাদেশ (অচখ ইউ)। তৃতীয় আসরে দেশের ১৭টির বেশি জেলা বার অ্যাসোসিয়েশন এবং সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের প্রতিনিধিত্বকারী মোট ৩২টি দল অংশ নেবে।

চাঁদপুর জেলা দলটি শনিবার তিনটি ম্যাচে অংশগ্রহণ করবে সকাল ৯টায় চাঁদপুর ডিস্ট্রিক্ট বার এসোসিয়েশন (সিবিএ হিলশা) বনাম রুলা,

(দ্বিতীয় ম্যাচ) ঢাকা বার ডমিনিয়ন ভার্সেস সিবিএ হিলশা, বিকাল ৫টায় ও (তৃতীয় ম্যাচ) সিবিএ হিলশা বনাম কক্সবাজার বার এসোসিয়েশন, রাত ৯টায়।

হাজীগঞ্জে ৬ কিলোমিটার

ও আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত থাকবেন। ইতিমধ্যে অতিথি হিসেবে চাঁদপুর-৫ আসনের সংসদ সদস্য ইঞ্জি. মমিনুল হক, জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান'সহ অন্যান্য অতিথিদের দাওয়াত দেওয়া হয়েছে।

'সকাল বেলার হাওয়া, সকল রোগের দাওয়া' প্রবাদ উল্লেখ করে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি মো. ইবনে আল জায়েদ হোসেন বলেন, ইলেকট্রনিক্স ডিভাইস'সহ নানা কারণে আমরা আদিকাল থেকে মানব সভ্যতার প্রচলিত অভ্যাস থেকে দূরে সরে এসেছি। যার ফলে আমরা স্বাস্থ্য সচেতন হতে পারছিনা।

সুস্থ জীবনধারা ও স্বাস্থ্যসচেতনতা ছড়িয়ে দেওয়ার প্রয়াস উল্লেখ করে তিনি বলেন, এ প্রতিযোগিতার মাধ্যমে মানুষের মধ্যে নিয়মিত শরীরচর্চা ও সকাল বেলায় দৌড়ের অভ্যাস গড়ে তোলার প্রতি উৎসাহিত করতে উপজেলা ক্রীড়া সংস্থার এ আয়োজন। আশাকরি, সকলের সহযোগিতায় ভবিষ্যতে বৃহৎ আয়োজনে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

একাদশ শ্রেণিতে পাঠদানের

উচ্চ বিদ্যালয়' থেকে শিক্ষামন্ত্রী 'ড. আ ন ম এহছানুল হক মিলন উচ্চ বিদ্যালয়' নামে করা হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বর্তমানে প্রতিষ্ঠানটিকে 'ড. আ ন ম এহছানুল হক মিলন উচ্চ বিদ্যালয়' হিসেবে নামকরণের প্রস্তাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

শাহরাস্তিতে ৩২ লাখ

ব্যবসার সার্বিক ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন সেলিম মিয়া।

তবে টাকা নেওয়ার পর ব্যবসার কার্যক্রম ও বিনিয়োগের অর্থ ফেরত নিয়ে জটিলতা সৃষ্টি হয়। একপর্যায়ে মর্জিনা আক্তারের দেওয়া একটি চেক ব্যাংকে জমা দিলে তা ডিজঅনার হয় বলে অভিযোগ করেন ভুক্তভোগীরা। পরে এ বিষয়ে আইনি নোটিশ পাঠানো হলেও অভিযুক্ত দম্পতির কোনো সন্ধান পাওয়া যায়নি বলে দাবি তাদের।

পরবর্তীতে প্রতিকার চেয়ে আদালতের শরণাপন্ন হন ভুক্তভোগীরা। এ ঘটনায় মর্জিনা আক্তারের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়েছে বলে জানান তারা।

এ বিষয়ে শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমান জানান, চেক জালিয়াতির ঘটনায় মর্জিনা আক্তারের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা রয়েছে। তাকে আইনের আওতায় আনতে সর্বোচ্চ চেষ্টা চলছে।

এদিকে, দীর্ঘদিন ধরে নিজেদের কষ্টার্জিত অর্থ ফেরত না পেয়ে হতাশায় দিন কাটাচ্ছেন ভুক্তভোগীরা। তারা বিনিয়োগ করা ৩২ লাখ টাকা ফেরত পাওয়ার পাশাপাশি অভিযুক্তদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

পোশাক খাতে অস্থিরতা

করে আন্তর্জাতিক ক্রেতাদের কাছে সময়মতো পণ্য সরবরাহের সক্ষমতা নিয়ে প্রশ্ন তৈরি হলে বাংলাদেশের পোশাকশিল্পকে দীর্ঘমেয়াদি প্রতিযোগিতার মুখে পড়তে হতে পারে।

একদিনে ৬৭৯ কারখানায় উৎপাদন বন্ধ

বিজিএমইএ ও শিল্প পুলিশের তথ্যের ভিত্তিতে দেশের পাঁচটি প্রধান পোশাকশিল্প এলাকার ২ হাজার ১৩৪টি কারখানার একটি হিসাব পাওয়া গেছে। এর মধ্যে গত ২ নভেম্বর ৬৭৯টি কারখানায় উৎপাদন বন্ধ ছিল। এতে প্রায় ১৬ লাখ ৮০ হাজার ৫৭২ জন শ্রমিক কাজ করতে পারেননি।

আঞ্চলিক হিসাবে সবচেয়ে বেশি প্রভাব পড়ে গাজীপুর ও ময়মনসিংহ শিল্পাঞ্চলে। এ এলাকায় ৮৩৬টি কারখানার মধ্যে ৩৮২টিতে উৎপাদন বন্ধ ছিল। এতে কাজে যোগ দিতে পারেননি প্রায় ৮ লাখ ৮৩ হাজার ৪৭২ জন শ্রমিক। সাভার, আশুলিয়া ও জিরানী এলাকায় ৪৪১টি কারখানার মধ্যে ২২৩টিতে উৎপাদন বন্ধ হয়। এতে কাজ করতে পারেননি প্রায় ৭ লাখ ৪৩ হাজার ৬৫০ জন শ্রমিক। ঢাকার মিরপুরে ৩২০টি কারখানার মধ্যে ৬৮টিতে উৎপাদন বন্ধ ছিল। এ এলাকায় কাজে যোগ দিতে পারেননি প্রায় ৫৩ হাজার ৮৪০ জন শ্রমিক। নারায়ণগঞ্জে ১৯৯টি কারখানার মধ্যে ৯টিতে উৎপাদন বন্ধের তথ্য পাওয়া গেছে।

অন্যদিকে চট্টগ্রামের প্রায় ৩৪০টি কারখানায় উৎপাদন সচল ছিল। সংশ্লিষ্টদের মতে, আগাম যোগাযোগ, আলোচনা ও সমন্বয়ের কারণে সেখানে বড় ধরনের অস্থিরতা এড়ানো সম্ভব হয়েছে। তবে এক দিনে ৬৭৯টি কারখানায় উৎপাদন বন্ধ থাকার অর্থ এই নয় যে, এসব কারখানা স্থায়ীভাবে বন্ধ হয়ে গেছে। একইভাবে কাজে যোগ দিতে না পারা ১৬ লাখের বেশি শ্রমিকের সবাই চাকরি হারিয়েছেন, এমনটিও নয়। সাময়িক উৎপাদন বন্ধ, সাধারণ ছুটি এবং স্থায়ীভাবে কারখানা বন্ধের মধ্যে পার্থক্য রয়েছে। গত ১৫ দিনে স্থায়ীভাবে কতটি কারখানা বন্ধ হয়েছে এবং কতজন শ্রমিক চাকরি হারিয়েছেন, তার নির্ভরযোগ্য সমন্বিত হিসাব এখনো পাওয়া যায়নি।

হাজিরা দিয়েও উৎপাদন নেই, বাড়ছে মালিকের লোকসান

গত কয়েক দিনে আশুলিয়া শিল্পাঞ্চলে নতুন করে যে পরিস্থিতি তৈরি হয়েছে, তা উদ্যোক্তাদের উদ্বেগ বাড়িয়েছে। কিছু কারখানায় শ্রমিকরা কাজে যোগ দিলেও স্বাভাবিকভাবে উৎপাদনে অংশ নিচ্ছেন না। কোথাও আইডি কার্ড পাঞ্চ করে হাজিরা দেওয়ার পর কর্মবিরতি পালন করছেন, আবার কোথাও কাজ না করেই কারখানা থেকে বেরিয়ে যাওয়ার ঘটনা ঘটছে। বিশেষ করে বুধবার (১১ নভেম্বর) আশুলিয়ার জামগড়া ও সাভারের হেমায়েতপুর এলাকায় শ্রমিক বিক্ষোভকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়ে পড়ে। কয়েকটি কারখানায় কর্মবিরতির পর শ্রমিকরা সড়কে অবস্থান নেওয়ার চেষ্টা করলে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনাও ঘটে।

শিল্প পুলিশ-১-এর পুলিশ সুপার মোহাম্মদ মোমিনুল ইসলাম ভূইয়া জানিয়েছেন, বুধবার দুপুর পর্যন্ত ৪০ থেকে ৫০টি কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। তবে অন্য কারখানাগুলোতে উৎপাদন কার্যক্রম চলমান ছিল। অন্যদিকে ঢাকা জেলার অতিরিক্ত পুলিশ সুপার জাহাঙ্গীর আলম জানিয়েছেন, হেমায়েতপুরের কয়েকটি কারখানায় বহিরাগতদের মাধ্যমে অস্থিরতা তৈরির চেষ্টা করা হয়েছিল। পুলিশ তাদের ছত্রভঙ্গ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের বিভিন্ন ইউনিটের শতাধিক সদস্য মোতায়েন ছিলেন। শিল্পসংশ্লিষ্টদের মতে, উৎপাদন ছাড়াই শ্রমিকদের উপস্থিতি নিশ্চিত করা, কারখানার অন্যান্য ব্যয় বহন এবং নিরাপত্তা বজায় রাখার কারণে উদ্যোক্তাদের আর্থিক চাপ বাড়ছে। বিশেষ করে যেসব কারখানার হাতে পর্যাপ্ত ক্রয়াদেশ নেই বা আর্থিক সক্ষমতা সীমিত, তাদের জন্য এ পরিস্থিতি সামাল দেওয়া কঠিন হয়ে উঠছে।

এ প্রসঙ্গে বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান বলেন, ''এখনও দেশের বিভিন্ন স্থানে শ্রমিক অসন্তোষ ও আন্দোলন চলছে। এবারের আন্দোলনে স্থায়ীভাবে কোনো কারখানা বন্ধ না হলেও উৎপাদন কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। গত ১১ দিন ধরে প্রতিদিন গড়ে প্রায় ১০০টি কারখানা বন্ধ থাকছে। এর নেতিবাচক প্রভাব পড়ছে দেশের তৈরি পোশাকশিল্পের আন্তর্জাতিক ভাবমূর্তির ওপর। বিদেশি ক্রেতাদের মধ্যে নেতিবাচক বার্তা যাচ্ছে, কমছে নতুন অর্ডার। অনেক ক্রেতা বিকল্প দেশ থেকে পণ্য নেওয়ার দিকে ঝুঁকছেন।'' পাশাপাশি উৎপাদন ব্যয়ও বাড়ছে। এ পরিস্থিতির দীর্ঘমেয়াদি প্রভাব কর্মসংস্থানের ওপর পড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি।

শ্রমিক অসন্তোষের কারণ মজুরি, বকেয়া ও নিরাপত্তাহীনতা

শ্রমিক অসন্তোষের পেছনে রয়েছে একাধিক কারণ। এর মধ্যে জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, মজুরি সমন্বয়ের দাবি, বকেয়া বেতন-ভাতা এবং চাকরির নিরাপত্তাহীনতা উল্লেখযোগ্য।

গত কয়েক বছরে চাল, ডাল, তেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়েছে। বেড়েছে বাড়িভাড়া, চিকিৎসা ও যাতায়াত ব্যয়ও। শ্রমিকদের অভিযোগ, সেই তুলনায় আয় বাড়েনি। এ পরিস্থিতিতে শ্রমিকদের একাংশ সর্বনিম্ন মাসিক মজুরি ৩০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৩২ হাজার টাকা করার দাবি জানিয়েছেন।

এর পাশাপাশি কিছু কারখানায় বেতন-ভাতা পরিশোধে বিলম্ব, শ্রমিক ছাঁটাই এবং আন্দোলনে অংশ নেওয়া শ্রমিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার অভিযোগও রয়েছে।

অন্যদিকে মালিকদের বক্তব্য, আন্তর্জাতিক বাজারে পোশাকের দাম ও ক্রয়াদেশের চাপের মধ্যে উৎপাদন ব্যয় এমনিতেই বেড়েছে। জ্বালানি, বিদ্যুৎ, কাঁচামাল ও অর্থায়নের খরচ সামলে নতুন করে বড় অঙ্কের মজুরি বৃদ্ধি বাস্তবায়ন করা কঠিন। আন্দোলনের মধ্যে কারখানা ভাঙচুর, সহিংসতা এবং বহিরাগতদের সংশ্লিষ্টতার অভিযোগও সামনে এসেছে। তবে এসব অভিযোগের সত্যতা তদন্তের মাধ্যমে নিশ্চিত করা প্রয়োজন। শ্রমিকদের ন্যায্য দাবির বিষয়টি এবং সহিংসতার ঘটনাকে আলাদাভাবে বিবেচনা করাও জরুরি।

মজুরি বোর্ড গঠন, ডিসেম্বর থেকে নতুন কাঠামোর লক্ষ্য

শ্রমিকদের মজুরি পুনর্নির্ধারণের দাবির পরিপ্রেক্ষিতে ১ নভেম্বর ছয় সদস্যের নতুন নিম্নতম মজুরি বোর্ড গঠন করেছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

বোর্ডের চেয়ারম্যান করা হয়েছে সিনিয়র জেলা ও দায়রা জজ শেখ আশফাকুর রহমানকে। মালিকপক্ষের প্রতিনিধি হিসেবে রয়েছেন বিজিএমইএ পরিচালক এ বি এম সামছুদ্দিন এবং বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের যুগ্ম মহাসচিব আসিফ আইয়ুব। শ্রমিকপক্ষের প্রতিনিধি করা হয়েছে বাংলাদেশ গার্মেন্টস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক বাবুল আখতার এবং বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দলের সভাপতি আনোয়ার হোসাইনকে। নিরপেক্ষ প্রতিনিধি হিসেবে রয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. মোসলেহ উদ্দিন আহমদ। শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী জানিয়েছেন, নতুন বেতন কাঠামো ২০২৬ সালের ডিসেম্বর থেকে কার্যকর করার লক্ষ্য রয়েছে। তবে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত না হওয়া পর্যন্ত শ্রমিকদের মধ্যে মজুরি নিয়ে অনিশ্চয়তা কাটছে না। বাংলাদেশ গার্মেন্ট শ্রমিক সংহতির সভাপ্রধান তাসলিমা আকতার বলেছেন, বুধবারও (১১ নভেম্বর) আশুলিয়াসহ আশপাশের এলাকায় শ্রমিকরা আন্দোলন করেছে। শ্রমিকরা আন্দোলন: রফতানি আয় ও অর্থনীতিতে কতটা প্রভাব পড়বে

বাংলাদেশের মোট পণ্য রফতানি আয়ের ৮০ শতাংশের বেশি আসে তৈরি পোশাক খাত থেকে। ফলে এ শিল্পের উৎপাদন ব্যাহত হলে তার প্রভাব সরাসরি রফতানি আয়ের ওপর পড়ার আশঙ্কা রয়েছে। প্রথমত, কারখানায় উৎপাদন বন্ধ থাকলে নির্ধারিত সময়ে পণ্য তৈরি ও সরবরাহ করা কঠিন হয়ে পড়ে। আন্তর্জাতিক ক্রেতারা সাধারণত নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী পণ্য সংগ্রহ করেন। সময়মতো পণ্য সরবরাহ করতে না পারলে ক্রেতাদের কাছ থেকে মূল্যছাড়ের চাপ, ক্রয়াদেশ বাতিল কিংবা ভবিষ্যতের ক্রয়াদেশ কমে যাওয়ার ঝুঁকি তৈরি হয়। দ্বিতীয়ত, উৎপাদন ঘাটতি পূরণ করতে উদ্যোক্তাদের অতিরিক্ত সময় কাজ করানো, বাড়তি শ্রম ব্যয় বহন কিংবা বিমানে পণ্য পাঠানোর মতো ব্যয়বহুল ব্যবস্থা নিতে হতে পারে। এতে উৎপাদন খরচ বাড়বে এবং মুনাফা কমবে। তৃতীয়ত, পোশাক রফতানি কমে গেলে বৈদেশিক মুদ্রা আয়ের ওপর চাপ তৈরি হতে পারে। পাশাপাশি পোশাকশিল্পের সঙ্গে যুক্ত ব্যাংক, পরিবহন, বন্দর, প্যাকেজিং, সুতা, কাপড়, ডাইং, ওয়াশিং ও অন্যান্য সহযোগী শিল্পও ক্ষতিগ্রস্ত হবে। ফলে একটি খাতের উৎপাদন ব্যাহত হওয়ার প্রভাব ছড়িয়ে পড়বে অর্থনীতির বিভিন্ন স্তরে। চতুর্থত, দীর্ঘস্থায়ী অস্থিরতা নতুন বিনিয়োগের সিদ্ধান্তেও নেতিবাচক প্রভাব ফেলতে পারে। আন্তর্জাতিক ক্রেতারা শুধু পণ্যের দাম ও মান বিবেচনা করেন না, সরবরাহের নির্ভরযোগ্যতা এবং উৎপাদন পরিবেশও গুরুত্ব দেন। বাংলাদেশে বারবার উৎপাদন বন্ধের ঘটনা ঘটলে ক্রেতারা বিকল্প উৎসের দিকে ঝুঁকতে পারেন। এতে ভিয়েতনাম, ভারত, কম্বোডিয়া ও ইন্দোনেশিয়ার মতো প্রতিযোগী দেশগুলো সুবিধা পেতে পারে। এ প্রসঙ্গে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো ড. ফাহমিদা খাতুন বলেন, ''গত ১৫ দিনের অস্থিরতায় তৈরি পোশাক খাতের উৎপাদন, পণ্য পরিবহন ও রফতানি কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। কারখানার স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্ত হলে নির্ধারিত সময়ের মধ্যে রফতানি আদেশ পূরণ করা কঠিন হয়ে পড়ে। এতে পণ্য সরবরাহে বিলম্বের পাশাপাশি বিদেশি ক্রেতাদের আস্থায় নেতিবাচক প্রভাব পড়তে পারে। এমন পরিস্থিতিতে ভবিষ্যতের ক্রয়াদেশ অন্য দেশে চলে যাওয়ার ঝুঁকিও তৈরি হয়। এর প্রভাব পড়তে পারে দেশের রফতানি আয়, কর্মসংস্থান এবং বৈদেশিক মুদ্রার প্রবাহে।'' তিনি বলেন, ''এই অস্থিরতায় তৈরি পোশাক খাতে প্রকৃত ক্ষতির পরিমাণ নিরূপণ করতে হলে উৎপাদন ব্যাহত হওয়ার সময়কাল, রফতানি আদেশ এবং পণ্য সরবরাহের বিস্তারিত তথ্য বিশ্লেষণ করা প্রয়োজন। তবে অস্থিরতা দীর্ঘায়িত হলে শুধু চলমান উৎপাদন ও রফতানি কার্যক্রমই নয়, দেশের সামগ্রিক বিনিয়োগ পরিবেশও ক্ষতিগ্রস্ত হতে পারে। ড. ফাহমিদা খাতুন বলেন, ''এ পরিস্থিতি থেকে উত্তরণে শ্রমিকদের ন্যায্য দাবিগুলো আলোচনার মাধ্যমে সমাধান করতে হবে। একইসঙ্গে কারখানার নিরাপত্তা নিশ্চিত করে দ্রুত স্বাভাবিক উৎপাদন পরিবেশ ফিরিয়ে আনা জরুরি।''

ক্রেতাদের আস্থা হারানোর ঝুঁকি

বিজিএমইএ'র সাবেক পরিচালক ও বাংলাদেশ অ্যাপারেল ভয়েসের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা মহিউদ্দিন রুবেল বলেন, ''গত ১৫ দিনের শ্রম অসন্তোষ ও কারখানার অস্থিরতা দেশের পোশাকশিল্পের জন্য উদ্বেগজনক। এ ধরনের পরিস্থিতিতে শুধু উৎপাদন ব্যাহত হয় না, আন্তর্জাতিক ক্রেতাদের কাছেও বাংলাদেশের সরবরাহ সক্ষমতা নিয়ে প্রশ্ন তৈরি হয়। তিনি বলেন, ''নির্ধারিত সময়ে পণ্য সরবরাহ করতে না পারলে ক্রয়াদেশ অন্য দেশে চলে যাওয়ার ঝুঁকি থাকে। এতে দেশের রফতানি আয় ও কর্মসংস্থানদুটিই ক্ষতিগ্রস্ত হতে পারে।'' মহিউদ্দিন রুবেল আরও বলেন, ''শ্রমিকদের মজুরি, বকেয়া বেতন-ভাতা এবং কর্মপরিবেশ নিয়ে যে অসন্তোষ রয়েছে, সেগুলোর সমাধান আলোচনার মাধ্যমে করতে হবে। একই সঙ্গে মালিকদেরও ব্যবসায়িক বাস্তবতা ও উৎপাদন ব্যয়ের বিষয়টি বিবেচনায় নিতে হবে। শ্রমিক ও মালিকদের মধ্যে আস্থার সম্পর্ক তৈরি না হলে এ ধরনের অস্থিরতা বারবার ফিরে আসতে পারে।''

চট্টগ্রামের কারখানাগুলোতে আগাম আলোচনা ও সমন্বয়ের মাধ্যমে উৎপাদন সচল রাখার বিষয়টি তুলে ধরে তিনি বলেন, ''শ্রমিক অসন্তোষ তৈরি হওয়ার পর পরিস্থিতি সামাল দেওয়ার চেয়ে আগে থেকেই শ্রমিকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা এবং সমস্যার সমাধান করা বেশি কার্যকর।''

আইনের দোহাই দিয়ে কারখানা বন্ধের হুঁশিয়ারি

অস্থিরতার মধ্যে মালিকপক্ষও কঠোর অবস্থান নিয়েছে। বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান এবং বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাতেমের বক্তব্যে উঠে এসেছে, কারখানার নিরাপত্তা নিশ্চিত না হলে উৎপাদন চালু রাখা কঠিন। মালিকদের একাংশ বাংলাদেশ শ্রম আইন ২০০৬-এর ১৩(১) ধারা প্রয়োগ করে 'কাজ নেই, মজুরি নেই' নীতিতে কারখানা বন্ধের হুঁশিয়ারি দিয়েছেন। ইতোমধ্যে উত্তরার পাঁচটি এবং সাভার-আশুলিয়ার কয়েকটি কারখানায় অনির্দিষ্টকালের জন্য বন্ধের নোটিশ দেওয়ার তথ্য পাওয়া গেছে।

এতে শ্রমিকদের মধ্যে চাকরি হারানোর আতঙ্ক বাড়ছে। বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি কারখানাগুলো উৎপাদন বন্ধ, ব্যাংকঋণের কিস্তি, বেতন-ভাতা এবং অন্যান্য পরিচালন ব্যয়ের চাপ একসঙ্গে সামলাতে গিয়ে সংকটে পড়তে পারে।

তবে সাময়িক বন্ধ বা সাধারণ ছুটিকে স্থায়ীভাবে কারখানা বন্ধের সঙ্গে এক করে দেখার সুযোগ নেই। একইভাবে কাজে অনুপস্থিত শ্রমিকের সংখ্যাও চাকরি হারানো শ্রমিকের প্রকৃত সংখ্যা নয়।

সংকট কাটাতে আস্থা ফেরানো জরুরি

শিল্পসংশ্লিষ্টদের মতে, গত ১৫ দিনের ঘটনা শুধু শ্রমিক অসন্তোষের বিষয় নয়; এটি দেশের প্রধান রফতানি খাতের উৎপাদন সক্ষমতা, ব্যবসায়িক পরিবেশ এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের ভাবমূর্তির সঙ্গেও জড়িত। পরিস্থিতি স্বাভাবিক করতে দ্রুত ও বাস্তবসম্মত মজুরি কাঠামো নির্ধারণ, বকেয়া বেতন-ভাতা পরিশোধ, শ্রমিক ছাঁটাই ও হয়রানির অভিযোগের নিরপেক্ষ তদন্ত এবং কারখানাভিত্তিক মালিক-শ্রমিক আলোচনা জোরদার করা প্রয়োজন। একই সঙ্গে কারখানার নিরাপত্তা নিশ্চিত করতে হবে, যাতে শ্রমিকরা নির্ভয়ে কাজে যোগ দিতে পারেন এবং উদ্যোক্তারাও নির্বিঘ্নে উৎপাদন চালাতে পারেন। আর্থিক সংকটে থাকা ক্ষুদ্র ও মাঝারি কারখানাগুলোর জন্য সহজ শর্তে ঋণ ও নীতিগত সহায়তার বিষয়টিও বিবেচনা করা প্রয়োজন। সব মিলিয়ে গত ১৫ দিনের অস্থিরতা দেশের তৈরি পোশাকশিল্পের জন্য বড় সতর্কবার্তা। এ খাতের সংকট মানে শুধু কয়েকটি কারখানায় উৎপাদন বন্ধ থাকা নয়ড় এর সঙ্গে জড়িয়ে আছে লাখো শ্রমিকের জীবিকা, দেশের রফতানি আয়, বৈদেশিক মুদ্রার প্রবাহ এবং অর্থনীতির স্থিতিশীলতা। শ্রমিকদের ন্যায্য দাবি পূরণ এবং উদ্যোক্তাদের উৎপাদন সক্ষমতা ধরে রাখার মধ্যে ভারসাম্য তৈরি করতে না পারলে সাময়িক এই অস্থিরতা দীর্ঘমেয়াদে দেশের অর্থনীতির জন্য বড় ঝুঁকি হয়ে উঠতে পারে।

সারাদেশে অবৈধ ইটভাটা

সংশোধনের প্রার্থনা করে নির্দেশনা চান।
কিন্তু আদালত সকল অবৈধ ইটভাটা বন্ধ করে আদালতের প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন। ওই নির্দেশনা দেওয়ার পরে উচ্ছেদ অভিযান শুরু হয়।
পরবর্তীতে ইটভাটা মালিকদের পক্ষ হতে আদেশ সংশোধন করে জিগজ্যাগ সম্পর্কিত ইটভাটাকে আদেশের বাইরে রাখার প্রার্থনা করেন এবং শুনানি শেষে হাইকোর্ট বিভাগ ইটভাটা মালিকদের আবেদন সংশোধন করলেও অবৈধ ইটভাটা উচ্ছেদের আদেশ বহাল রাখেন।
এ আদেশের পরে বিভিন্ন ইটভাটার মালিকরা একাধিক আপিল দায়ের করে আদেশের উপরে স্থগিতাদেশের প্রার্থনা করলেও তা পাননি। পরবর্তীতে আপিলগুলো আপিল বিভাগে খারিজ হয়। মনজিল মোরসেদ আরও জানান, বর্তমানে বিভিন্ন অবৈধ ইটভাটা মালিকরা পুনরায় তাদের কার্যক্রম শুরু করার পাঁয়তারা করছে মর্মে সংবাদ পেয়ে এইচআরপিবির পক্ষে একটি আবেদন দাখিল করে আদালতে অবৈধ ইটভাটা অপসারণ সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নের প্রতিবেদন দাখিলের প্রার্থনা করা হয়। আদালত সকল পক্ষের বক্তব্য শুনে এইচআরপিবির করা আবেদন মঞ্জুর করে বাংলাদেশের সকল অবৈধ ইটভাটা বন্ধে ইতোপূর্বে আদালতের বিভিন্ন নির্দেশনা অনুসারে ব্যবস্থা গ্রহণ করে পরিবেশ অধিদপ্তর এবং সকল বিভাগীয় কমিশনারদেরকে পদক্ষেপ গ্রহণ করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন। একইসঙ্গে বৈধ ইটভাটা মালিকদেরকে হয়রানি না করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

বইয়ের জন্য কলেজে না

(১০ নভেম্বর) বিকেলে ওই মেধাবী ছাত্রী ও তার পিতাকে মতলব দক্ষিণ উপজেলা নির্বাহী অফিসারের বাংলোতে ডেকে নিয়ে একাদশ শ্রেণির বই কিনার জন্য আর্থিক সহায়তার হাত বাড়িয়ে দেন মানবিক ইউএনও কেএম ইশমাম। ওই মেধাবী শিক্ষার্থীর যেকোনো প্রয়োজনে যোগাযোগ করলে পাশে থাকার প্রতিশ্রুতিও দেন তিনি।

ফরিদগঞ্জ পাইলট বালিকা উচ্চ

অ্যাসোসিয়েশনের সভাপতি রোজউল করিম মাসুম, সাধারণ সম্পাদক মাওলানা জাকির হোসেন, ফরিদগঞ্জ বালিকা উত্তর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম রব্বানী এবং উত্তর চরবড়ালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহসীনা বেগম।
বক্তারা তাঁদের বক্তব্যে কৃতী শিক্ষার্থীদের সাফল্যে অভিনন্দন জানান এবং ভবিষ্যতে আরও ভালো ফলাফল অর্জনের পাশাপাশি দেশ ও জাতির কল্যাণে নিজেদের গড়ে তোলার আহ্বান জানান।
আলোচনা সভা শেষে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের হাতে সংবর্ধনা ও সম্মাননা তুলে দেয়া হয়।

ফরিদগঞ্জে সড়ক দুর্ঘটনায়

গেছে। আহত অবস্থায় প্রথমে তাঁকে ফরিদগঞ্জ সদরের চতুরা হাসপাতালে নেওয়া হয়। পরে উন্নত চিকিৎসার জন্য তাঁকে চাঁদপুর সদর হাসপাতালে প্রেরণ করা হয়। সেখানে চিকিৎসকের পরামর্শ ও চিকিৎসা শেষে তাঁকে বাড়িতে পাঠানো হয়।
এদিকে, বৃহস্পতিবার (১২ নভেম্বর) উন্নত চিকিৎসার জন্য তাঁকে পুনরায় চাঁদপুরে বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে নেওয়া হবে। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী পরবর্তী চিকিৎসা ও করণীয় নির্ধারণ করা হবে।
সাংবাদিক শিমুল হাছানের দ্রুত সুস্থতা ও আশু রোগমুক্তি কামনা করে ফরিদগঞ্জ প্রেসক্লাবের পক্ষ থেকে এবং তাঁর পরিবারের সদস্যরা সহকর্মী, আত্মীয়স্বজন ও সর্বস্তরের মানুষের কাছে দোয়া চেয়েছেন।

বিতর্ক চর্চায় শিক্ষার্থীদের

পেলে এ লক্ষ্য বাস্তবায়ন সম্ভব হবে।
"যুক্তির মশালে মুছে যাক আঁধার" স্লোগানকে সামনে রেখে হাইমচর বিতর্ক একাডেমির আয়োজনে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় উপজেলার ২৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় উচ্চ মাধ্যমিক পর্যায়ে আলগী বাজার আলিম মাদরাসা এবং স্কুল পর্যায়ে চরভাঙ্গা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।
উচ্চ মাধ্যমিক পর্যায়ের ফাইনালে আলগী বাজার আলিম মাদরাসা ও গন্ডামারা এবিএস ফাজিল মাদরাসা এবং স্কুল পর্যায়ের ফাইনালে বাজাপ্তী রমণী মোহন উচ্চ বিদ্যালয় ও চরভাঙ্গা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করে।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন হাইমচর সরকারি মহাবিদ্যালয়ের অধ্যাপক মোহাম্মদ বেদারুল আলম।
হাইমচর বিতর্ক একাডেমির প্রতিষ্ঠাতা মাজহারুল ইসলাম শফিক পাটওয়ারীর সভাপতিত্বে এবং একাডেমির সভাপতি মো. নূরে আলম ও সাধারণ সম্পাদক ইমরান হোসাইন ইমরুর যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন দুর্গাপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ রুহুল আমিন, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি আব্দুল মান্নানসহ অন্যান্যরা। এসময় উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।
বক্তারা বলেন, বিতর্ক চর্চা শিক্ষার্থীদের যুক্তিনির্ভর চিন্তা, আত্মবিশ্বাস, বিশ্লেষণী ক্ষমতা ও সুন্দরভাবে মত প্রকাশের দক্ষতা বাড়ায়। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মেধা ও মননের বিকাশের পাশাপাশি যুক্তিবাদী ও সচেতন নাগরিক হিসেবে গড়ে উঠতে সহায়তা করে।

ঢাকায় ক্রিকেট টুর্ণামেন্টে

রানকরে। দলের পক্ষে ব্যাট হাতে
শামীম ৭১, রাতুল ৩২, রিফাত ২৫ ও সাব্বির ৩১রানকরে।
বৃহস্পতিবার রাতে একাডেমীর কোচ ও ক্রিকেটার পলাশ কুমারের সাথে আলাপকালে তিনি এই প্রতিবেদককে জানান চার ম্যাচ খেলে আমরা চার ম্যাচে জয়লাভ করি এবং গ্রুপ চ্যাম্পিয়ন হই। আমরা যেন কোয়াটার ফাইনাল ও সেমিফাইনাল খেলায় জয়লাভ করে ফাইনালে যেতে পারে এজন্য চাঁদপুরবাসীর কাছে আমরা দোয়া চাই।আমাদের সাথে আমাদের একাডেমীর কর্মকর্তা ফয়সাল খান, শেখ মনজুরুল কাদের সোহেল ভাইসহ অনেকেই উপস্থিত ছিলেন।

ডিসেম্বরের আগে মালয়েশিয়ায়

হবে। এরই অংশ হিসেবে প্রথম ধাপে মালয়েশিয়ার কোম্পানি ডিএইচএলের মাধ্যমে ১১২ জন বাংলাদেশি পুরুষ কর্মী নিয়োগের লক্ষ্যে আজ চূড়ান্ত কর্মী নির্বাচন কার্যক্রম শুরু হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক জানান, মালয়েশিয়া বাংলাদেশের জন্য দ্বিতীয় বৃহত্তম শ্রমবাজার। বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী বিদেশে অধিক কর্মসংস্থানের লক্ষ্যে বোয়েসেল স্বল্প ও শূন্য অভিবাসন ব্যয়ে নিরাপদ, নৈতিক ও দক্ষ অভিবাসন নিশ্চিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। নিয়োগ প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ে স্বচ্ছতা, নিরপেক্ষতা ও পেশাগত যোগ্যতাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। রাশেদুল হক জানান, প্রাথমিকভাবে নির্বাচিত ৩০০ জন প্রার্থীর মধ্য থেকে পেশাগত দক্ষতা, ব্যবহারিক সক্ষমতা ও পদের উপযোগিতা যাচাইয়ের মাধ্যমে ১১২ জন কর্মী চূড়ান্তভাবে নির্বাচিত হবেন। এ লক্ষ্যে মালয়েশিয়া থেকে ৯ সদস্যের একটি প্রতিনিধি দল বাংলাদেশে এসেছেন, যারা আজ ১২ নভেম্বর থেকে আগামী ১৫ নভেম্বর পর্যন্ত সরাসরি ব্যবহারিক পরীক্ষা ও সাক্ষাৎকার গ্রহণ করবেন।
তিনি বলেন, বাছাই প্রক্রিয়ায় বোয়েসেল কোনো ধরনের হস্তক্ষেপ করছে না এবং নিয়োগকর্তা কর্তৃক নির্বাচিত প্রার্থীরা চূড়ান্ত বলে গণ্য হবেন।

ফরিদগঞ্জে দৈনিক কালের

মোঃ জামাল মিজি, ফরিদগঞ্জ লেখক ফোরামের প্রতিষ্ঠাতা সদস্য কে এম নজরুল ইসলাম, ফরিদগঞ্জ সরকারি ডিগ্রী কলেজ ছাত্রদলের সাবেক আহ্বায়ক ও তরুণ রাজনীতিবিদ মোঃ পারভেজ হোসেন পলোয়ান সহ স্থানীয় সাংবাদিক, রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিবর্গ।
অনুষ্ঠানে বক্তারা দৈনিক কালের সমাজ পত্রিকার আট বছরের পথচলায় শুভেচ্ছা ও অভিনন্দন জানান। পাশাপাশি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন, সত্যনিষ্ঠ সাংবাদিকতা এবং জনস্বার্থসংশ্লিষ্ট সংবাদ প্রকাশের মাধ্যমে পত্রিকাটির অগ্রযাত্রা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।
আলোচনা শেষে অতিথিদের উপস্থিতিতে বর্ষপূর্তির কেক কাটা হয়। পরে উপস্থিত অতিথিদের মধ্যে নাস্তা পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।





চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
CHANDPUR AL-AMIN HOSPITAL
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল: ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনষ্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহব্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন), পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের

অভিজ্ঞতা আন্তর্জাতিক পরিসরে তুলে ধরার সুযোগ তৈরি হয়েছে। একই সঙ্গে এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে জ্ঞান বিনিময়, গবেষণা এবং আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণে কাজ করার সুযোগ পাব। বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তার এই যুগে উ”চশিক্ষার গুণগত মান ও ভবিষ্যৎ উপযোগী শিক্ষাব্যবস্'া গড়ে তুলতে সম্মিলিত উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ।"
উল্লেখ্য, ১৯৫০ সালে ইউনেস্কোর পৃষ্ঠপোষকতায় প্রতিষ্ঠিত ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইউনিভার্সিটিজ বিশ্বের উ”চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর একটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সংগঠন। উ”চশিক্ষার মানোন্নয়ন, আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণ, একাডেমিক মূল্যবোধ সমুন্নত রাখা এবং বিশ্ববিদ্যালয়গুলোর সমসাময়িক চ্যালেঞ্জ মোকাবিলায় সংগঠনটি কাজ করে। বিশ্বের ১২০টিরও বেশি দেশের প্রায় ৬০০ সদস্যপ্রতিষ্ঠান এ সংগঠনের সঙ্গে যুক্ত। উ”চশিক্ষানীতি প্রণয়ন, বিশ্ববিদ্যালয় নেতৃত্বের মধ্যে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় এবং বৈশ্বিক একাডেমিক সহযোগিতা জোরদারে আইএইউ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।
এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের প্রতিনিধি হিসেবে অধ্যাপক ড. এম. আর. কবিরের এ নির্বাচন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আন্—র্জাতিক অঙ্গনে সম্পৃক্ততার পাশাপাশি বাংলাদেশের উ”চশিক্ষা খাতের জন্যও একটি তাৎপর্যপূর্ণ অর্জন। এর মাধ্যমে আন্তর্জাতিক উ”চশিক্ষা নীতিনির্ধারণ, একাডেমিক সংলাপ এবং বৈশ্বিক সহযোগিতা সম্প্রসারণে বাংলাদেশের প্রতিনিধিত্বের সুযোগ আরও সুদৃঢ় হবে।
এ অর্জন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আন্তর্জাতিক অংশীদারত্ব বৃদ্ধি, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ এবং বৈশ্বিক উ”চশিক্ষায় সক্রিয় ভূমিকা রাখার অঙ্গীকারকে আরও এগিয়ে নেবে বলে আশা করা হ”ছ। বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. এম. আর. কবিরকে আন্তরিক অভিনন্দন জানানো হয়েছে।

দুই দিনের সফরে মতলবে আসছেন

নিয়ে শুভেচ্ছা বিনিময় করবেন।
শনিবার (১৪ নভেম্বর) সকাল ৯টায় মতলব উত্তর উপজেলা ক্লাব ক্যাম্পুরী-২৬-এর পতাকা উত্তোলন করবেন সংসদ সদস্য। এরপর সকাল ১০টায় উপজেলা পরিষদের সম্মেলনকক্ষে মাধ্যমিক, কলেজ ও সমমানের শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের সঙ্গে মতবিনিময় করবেন।
দুপুরে নামাজ ও মধ্যাহ্নবিরতির পর মতলব দক্ষিণ উপজেলায় অতিরিক্ত সচিব আফজালুর রহমানের পারিবারিক দাওয়াতে যোগ দেবেন তিনি। বিকেল ৩টায় মতলব উত্তর উপজেলার ঘনিয়ারপারে আয়োজিত ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনাল খেলায় অংশ নেবেন। সন্ধ্যা ৬টায় ঢাকার উদ্দেশে মতলব ত্যাগ করার কথা রয়েছে তাঁর।
সংসদ সদস্যের এই সফর ঘিরে দুই উপজেলার দলীয় নেতাকর্মী, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ও স্থানীয় ক্রীড়াপ্রেমীদের মধ্যে আগ্রহ দেখা দিয়েছে।

জ্বালানি বিষয়ক সাংবাদিকতায়

প্রতিদিনসহ বিভিন্ন গণমাধ্যমে কাজ করেছেন। পেশাগত জীবনে অর্থনীতি, বাণিজ্য ও জ্বালানি খাত নিয়ে নিয়মিত সংবাদ ও বিশ্লেষণধর্মী প্রতিবেদন তৈরি করে আসছেন তিনি।
ফেলোশিপের জন্য মনোনীত তার প্রতিবেদনে বিশ্বব্যাংক গোষ্ঠীর অর্থায়নে বাংলাদেশের গ্যাস ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) অবকাঠামো সম্প্রসারণের প্রভাব এবং দেশের জ্বালানি নিরাপত্তার বিভিন্ন দিক তুলে ধরা হয়।
মহিউদ্দিন রাব্বানি দেশের পেশাদার সাংবাদিকদের অন্যতম বৃহৎ সংগঠন ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সদস্য।

নতুন মার্কিন হামলা

শেখারচি বলেন, ইরানের পাল্টা আঘাতের তীব্রতা বিশ্বকে বিস্মিত করবে। শত্রুপক্ষের সামরিক ও বেসামরিক- উভয় ধরনের সম্পদ লক্ষ্যবস্তুতে পরিণত হতে পারে। যুক্তরাষ্ট্রের যেসব সম্পদ ইরানের নাগালের মধ্যে থাকবে, সেগুলো যেখানেই থাকুক, হামলার লক্ষ্যবস্তু হবে।
তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রের হুমকিতে ইরানিরা ভীত নয়। গত বছরের জুনে শুরু হওয়া যুদ্ধের আগের তুলনায় ইরানের সশস্ত্র বাহিনী এখন অনেক বেশি প্রস্তুত। কৌশলগত সামরিক সরঞ্জামের উৎপাদন কখনও বন্ধ হয়নি। এছাড়া গত দুটি যুদ্ধে যেসব দুর্বলতা চিহ্নিত হয়েছিল, সেগুলোও সংশোধন করা হয়েছে।
ইরানের এই সামরিক মুখপাত্র বলেন, গত ৪৭ বছরের ইতিহাসে ইরান প্রমাণ করেছে, তারা কখনও আগ্রাসী শক্তি হিসেবে কাজ করেনি। তবে ইরানের ওপর কোনো ধরনের আগ্রাসন চালানো হলে দেশটি শুধু আত্মরক্ষার মধ্যেই সীমাবদ্ধ থাকবে না; বরং শক্তিশালী আক্রমণকারীর ভূমিকাও নেবে।
ইরানের সাম্প্রতিক যুদ্ধগুলোর ঘটনাপ্রবাহ নিয়ে আয়োজিত একটি প্রদর্শনী পরিদর্শনের সময় এসব মন্তব্য করেন শেখারচি। সূত্র: আল-জাজিরা

শুধু আল্লাহর ভয়: কেন এবং কীভাবে মনে জাগিয়ে তুলবেন

নাহিদা সুলতানা

মানুষের চোখ ফাঁকি দেওয়া যায়, কিন্তু আল্লাহর দৃষ্টি এড়ানোর কোনো সুযোগ নেই। এই বিশ্বাস যার অন্তরে থাকে, নির্জন প্রান্তরেও সে অন্যায় করতে পারে না।
কারণ, দুনিয়ার কোনো মানুষ না দেখলেও আল্লাহ তো দেখছেন। একজন মুমিনের জীবনে এই অনুভূতিই হলো খোদাভীতি বা তাকওয়া।
কেন আল্লাহর ভয় থাকা দরকার
আমাদের প্রাত্যহিক জীবনে আল্লাহর ভয় বা জবাবদিহির অনুভূতি থাকা জরুরি কয়েকটি কারণে:
১. গোপন পাপ থেকে বাঁচতে: মানুষ লোকলজ্জার ভয়ে প্রকাশ্যে অনেক অপরাধ থেকে বিরত থাকলেও গোপনে পাপে জড়িয়ে পড়ে।
আল্লাহর ভয় অন্তরে থাকলে মানুষ নির্জনে এবং অগোচরেও নিজেকে পবিত্র রাখতে পারে।
২. দায়িত্ব পালনে সৎ থাকতে: প্রকৃত সততা হলো মানুষের অগোচরেও নিজের দায়িত্ব ও আমানত যথাযথভাবে রক্ষা করা।
ব্যবসায়ী হিসেবে পণ্যের মান ও পরিমাপে, চাকরিজীবী হিসেবে কর্মঘণ্টা ও দায়িত্ব পালনে, শিক্ষক হিসেবে শিক্ষার্থীর হক আদায়ে এবং অভিভাবক হিসেবে সন্তানের লালন-পালনে—আল্লাহর কাছে জবাবদিহির অনুভূতিই মানুষকে খাঁটি ও সৎ বানায়।
৩. উভয় জগতের কল্যাণের জন্য: আল্লাহর ভয় মানুষকে দুনিয়াতে সম্মানিত করে এবং পরকালে আল্লাহর রহমত ও মুক্তির পথ সুগম করে।
কীভাবে আল্লাহর ভয় মনে জাগাবেন
আল্লাহর ভয় অর্জনের চমৎকার একটি বাস্তব দৃষ্টান্ত স্থাপন করেছিলেন একজন রাখাল বালক। সাহাবি আবদুল্লাহ ইবনে ওমর (রা.) ও সেই রাখালের ঘটনাটি থেকে আমরা খোদাভীতি অর্জনের উপায়গুলো শিখতে পারি:
১. 'আল্লাহ সবখানে': একদিন আবদুল্লাহ ইবনে ওমর (রা.) একদল সঙ্গী নিয়ে কোথাও যাচ্ছিলেন। পথে এক রাখালের সঙ্গে দেখা হলে তিনি তার সততা যাচাইয়ের জন্য বলেন, 'তোমার মালিককে না জানিয়ে আমাকে একটি বকরি দিয়ে দাও। মালিককে বলবে, নেকড়ে খেয়ে ফেলেছে।'
রাখাল তৎক্ষণাৎ আকাশের দিকে মাথা তুলে বলল, 'তাহলে আল্লাহ কোথায়?' অর্থাৎ, মালিককে মিথ্যা বলা গেলেও আল্লাহর কাছে তো কিছুই গোপন থাকবে না। আমাদেরও উচিত, যেকোনো কাজ বা অন্যায়ের সুযোগ সামনে এলে নিজেকে প্রশ্ন করা—'মানুষ না দেখলেও আল্লাহ তো দেখছেন, আল্লাহ কোথায় নেই?'
২. আল্লাহর উপস্থিতির অনুভূতি: রাখালের ওই জবাবের পেছনে ছিল আল্লাহর প্রতি গভীর বিশ্বাস। এই অনুভূতিকেই ইসলামের পরিভাষায় বলা হয় 'মুরাকাবা', মানে সর্বদা আল্লাহর পর্যবেক্ষণের কথা স্মরণে রাখা।
পবিত্র কোরআনে আল্লাহ বলেন, 'সে কি জানে না যে আল্লাহ দেখেন?' (সুরা আলাক, আয়াত: ১৪)
অন্যত্র বলেন, 'তোমরা যেখানেই থাকো, তিনি তোমাদের সঙ্গে আছেন। আর তোমরা যা করো, আল্লাহ তা দেখেন।' (সুরা হাদিদ, আয়াত: ৪)
৩. 'ইহসান'-এর স্তরে পৌঁছার চেষ্টা: ফেরেশতা জিবরাইলের বিখ্যাত হাদিসে রাসুল (সা.) ইহসানের পরিচয় দিতে গিয়ে বলেছেন, 'তুমি এমনভাবে আল্লাহর ইবাদত করবে, যেন তুমি তাঁকে দেখছ। আর যদি তুমি তাঁকে দেখতে না পাও, তবে নিশ্চয়ই তিনি তোমাকে দেখছেন।' (সহিহ বুখারি, হাদিস: ৫০)
রাখাল বালকের আচরণে এই শিক্ষারই বাস্তব প্রতিফলন দেখা যায়। তার সামনে সহজে অন্যায় করার সুযোগ ছিল। আশপাশে নজরদারি করার কেউ নেই, চাইলেই বকরি বিক্রি করে অর্থ আত্মসাৎ করতে পারত। কিন্তু তার মনে ইহসান জাগ্রত ছিল বলে বিবেক তাকে বাধা দিয়েছে।
ঘটনার শিক্ষা ও আমাদের করণীয়
রাখালের এই একটি বাক্য আবদুল্লাহ ইবনে ওমরের হৃদয়ে এমন দাগ কেটেছিল যে তিনি শপথ করে বলেন, '"আল্লাহ কোথায়?" এই প্রশ্ন করার অধিক হকদার তো আমি নিজেই।'
পরবর্তী সময়ে তিনি মালিকের কাছ থেকে বকরিগুলোসহ ওই রাখালকে কিনে তাকে মুক্ত করে দেন এবং বকরিগুলোও তাকে উপহার হিসেবে দিয়ে দেন। (তাবারানি, আল-মুজামুল কাবির, হাদিস: ১৩০৫৪)
একজন সামান্য রাখালের ছোট্ট জবাব যদি আবদুল্লাহ ইবনে ওমরের মতো মহান সাহাবিকেও আত্মসমালোচনায় উদ্বুদ্ধ করতে পারে, তবে আমাদেরও উচিত জীবনের প্রতিটি ক্ষেত্রে সেই প্রশ্নটি নিজেদের সামনে রাখা। মানুষ না দেখলেও আল্লাহ তো দেখছেন।

কাবা শরিফের দরজার পাশে রাখা আটটি পাথরের ইতিহাস

এহসান সিরাজ

পবিত্র কাবা শরিফ তাওয়াফ করতে গেলে মানুষের স্রোতে ভেসে যেতে যেতে কাবার দরজার ঠিক ডান পাশে চোখে পড়বে হলুদাভ বাদামি রঙের আটটি পাথরের টুকরা। কাবার দেয়ালের গোড়ার সাদা মার্বেলের ভিত্তি, যাকে বলে শাজারাওয়ান, তার ওপর সারি দিয়ে সেগুলো বসানো।
কেউ একটু থামেন, কেউ ছবি তোলেন, বেশির ভাগই এগিয়ে যান। অথচ এই ছোট পাথরগুলো ধরে রেখেছে মসজিদুল হারামের এমন এক জায়গার স্মৃতি, যার সঙ্গে নামাজ শেখার ইতিহাস জড়িয়ে আছে।
পাথরগুলোর সবচেয়ে বড়টি প্রায় ৩৩ সেন্টিমিটার লম্বা, ২১ সেন্টিমিটার চওড়া। সৌদি আরবের হারামাইন বিষয়ক সাধারণ কর্তৃপক্ষ জানিয়েছে, এগুলোর বয়স আটশো বছরের বেশি। আরবিতে এদের বলা হয় 'মারমার'। বাংলায় পরিচিত অ্যালাবাস্টার বা মার্বেল নামে।
তবে প্রায় ৮০৭ বছরের পুরোনো এই পাথরগুলো বিশ্বের সবচেয়ে বিরল মার্বেল পাথরের অন্যতম; যা 'মেরি স্টোন' নামেও পরিচিত।
মেঝের নিচের সেই খাঁজ
পাথরগুলো আগে এখানে ছিল না। কাবার দরজার ডান পাশে, দেয়াল ঘেঁষে তাওয়াফের মেঝের চেয়ে নিচু একটি খাঁজ ছিল। মক্কার ইতিহাসের গবেষক মানসুর আদ-দাআজানি মতে, খাঁজটি দৈর্ঘ্যে প্রায় দুই মিটার, প্রস্থে ১১২ সেন্টিমিটার, গভীরতায় ২৮ সেন্টিমিটারের মতো। এক জনের বেশি মানুষ সেখানে দাঁড়াতে পারতেন না।
এই স্থানকে বলে 'আল-মাজান', মানে খামির বা কাদা মাখার জায়গা। কেন এই নাম? ওসমানিয়া ইতিহাসবিদ আইয়ুব সাবরি পাশা তাঁর মিরআতুল হারামাইন গ্রন্থে লিখেছেন, বলা হয় ইব্রাহিম (আ.) কাবা নির্মাণের সময় পাথরের ওপর পাথর সাজাতে এখানে কাদা মেখেছিলেন।
তবে ইসলামপূর্ব কোনো বিবরণে এই খাঁজের উল্লেখ নেই। খাঁজটি পরিচিতি পেয়েছে ফেরেশতা জিবরাইলের ইমামতির ঘটনার পর থেকে।
হাদিসে আছে, মহানবী (সা.) বলেছেন, জিবরাইল কাবার কাছে দুই দিন তাঁর ইমামতি করেছেন। প্রথম দিন প্রতিটি নামাজ পড়িয়েছেন ওয়াক্ত শুরুর সময়ে, পরদিন ওয়াক্ত শেষ হওয়ার কাছাকাছি সময়ে। তারপর বলেছেন, 'এই দুই সময়ের মাঝখানেই নামাজের ওয়াক্ত। এটাই আপনার আগের নবীদেরও সময়।' (সুনানে আবু দাউদ, হাদিস: ৩৯৩)
হাদিসে স্থান বলা হয়েছে 'বাইতুল্লাহর কাছে', কিন্তু সেখানে যে খাঁজের মতো ছিল, তার উল্লেখ বা নাম নেই। তবে পরবর্তী ঐতিহাসিকেরা এই খাঁজকেই সেই জায়গা বলে চিহ্নিত করেছেন।
সপ্তম হিজরি শতকের আলেম বিচারক ইজ্জ ইবনে আবদুস সালামের বক্তব্য হিসেবে উদ্ধৃত হয়, কাবার দেয়াল-লাগোয়া যে গর্তকে সাধারণ মানুষ 'মাজান' বলে, সেখানেই জিবরাইল (আ.) দুই দিনে পাঁচ ওয়াক্ত নামাজ পড়িয়েছিলেন। ঐতিহাসিকদের একটি বর্ণনায় একসময় মাকামে ইবরাহিমও এই খাঁজের এক অংশে রাখা ছিল। উম্মে নাহশালের বন্যার পর, যতদিন না উমর (রা.) সেটি যথাস্থানে ফিরিয়ে দেন।
খলিফার উপহার
এই খাঁজেই পাথরগুলো বসানো হয়েছিল ৬৩১ হিজরিতে (প্রায় ১২৩৩৩৪ খ্রিষ্টাব্দ)। হারামাইন গবেষক মুহিউদ্দিন আল-হাশিমি জানিয়েছেন, মাতাফ (তাওয়াফের চত্বর) সংস্কারের সময় এক আব্বাসি খলিফা পাথরগুলো মসজিদুল হারামকে উপহার দেন। সালটি পাওয়া গেছে একটি নীল পাথরের নিচে লেখা অবস্থায়।
খলিফার নাম আসে আবু জাফর আল-মানসুর। তবে তিনি আব্বাসি দ্বিতীয় খলিফা আবু জাফর আল-মানসুর (মৃ. ১৫৮ হি.) নন, বরং খলিফা আল-মুস্তানসির বিল্লাহ (শাসনকাল ৬২৩ু৬৪০ হি.); যাঁর উপনাম ছিল আবু জাফর এবং উপাধি আল-মানসুর।
চুরির সেই ঘটনা
১২১৩ হিজরিতে (প্রায় ১৭৯৮ু৯৯ খ্রি.) পাথরগুলো চুরি যায়। ইতিহাসবিদ আইয়ুব সাবরি পাশা তাঁর মিরআতুল হারামাইন গ্রন্থে এই ঘটনার উল্লেখ আছে। কে চুরি করেছিল, কীভাবে হারামের ভেতর থেকে পাথর বের হলো—সে সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।
শুধু জানা যায়, দীর্ঘ ১৬৪ বছর ধরে এগুলো নিখোঁজ ছিল। পরে এক ব্যক্তির মৃত্যুর পর তাঁর রেখে যাওয়া জিনিসপত্রের মধ্যে পাথরগুলো পাওয়া যায়। দীর্ঘ আইনি ও ঐতিহাসিক প্রক্রিয়া শেষে ১৩৭৭ হিজরিতে এই দুর্লভ অ্যালাবাস্টার পাথরগুলো পুনরায় সসম্মানে কাবা শরিফের আগের জায়গায় স্থাপন করা হয়।
খাঁজ ভরাট, পাথর স্থানান্তর
১৩৭৭ হিজরিতে (প্রায় ১৯৫৭ু৫৮ খ্রি.) আসে সৌদি আমলের প্রথম হারাম সম্প্রসারণ। ততদিনে খাঁজটি এক ধরনের সমস্যা তৈরি করে। মানুষ ভিড় করতেন সেখানে নামাজ পড়তে, আটকে যেত তাওয়াফকারীদের চলাচল।
একজনের বেশি দাঁড়ানোর জায়গা না থাকায় ভিড় আরও জটিল হতো। হজের মৌসুমে তাওয়াফের সময় কেউ কেউ খাঁজে পড়ে যেতেন। শেষে খাঁজটি ভরাট করে ফেলা হয়। পাথরগুলো তুলে বসানো হয় শাজারওয়ানে, ভরাট হওয়া জায়গার ঠিক উল্টো দিকে, চিহ্ন হিসেবে।
পরের দশকগুলোতেও পাথরগুলো টিকে আছে। ১৪১৭ হিজরিতে (প্রায় ১৯৯৬ু৯৭ খ্রি.) কাবার সংস্কারের সময় শাজারওয়ানের পুরোনো মার্বেল বদলে নতুন বসানো হয়। তারপর দরজার নিচের সেই প্রাচীন স্থানে আবারও পাথরগুলো রাখা হয় যথাস্থানে।
এক নজরে পাথরের ইতিহাস
ঙ ৬৩১ হিজরি (প্রায় ১২৩৩ু৩৪ খ্রি.): মাতাফ সংস্কারের সময় পাথর উপহার, খাঁজে স্থাপন
ঙ ১২১৩ হিজরি (প্রায় ১৭৯৮ু৯৯ খ্রি.): চুরি, পরে উদ্ধার
ঙ ১৩৭৭ হিজরি (প্রায় ১৯৫৭ু৫৮ খ্রি.): খাঁজ ভরাট, শাজারওয়ানে স্থানান্তর
ঙ ১৪১৭ হিজরি (প্রায় ১৯৯৬ু৯৭ খ্রি.): শাজারওয়ানের মার্বেল বদলের সময় প্রাচীন টুকরোগুলো সংরক্ষণ
কাবা শরিফের গায়ে খোদাই করা এই প্রাচীন অ্যালাবাস্টার পাথরের টুকরোগুলো নিছক কোনো সাধারণ মার্বেল পাথর নয়; বরং এগুলো ইব্রাহিমি ঐতিহ্য, নবীজির স্মৃতি এবং নামাজের মতো পবিত্র ইবাদতের আদি ইতিহাসের জীবন্ত সাক্ষী।
বায়তুল্লাহর চত্বরে পা রাখলে এই পাথরগুলোর ইতিহাস প্রতিটি মুমিনের হৃদয়কে মহান আল্লাহর কুদরত এবং ইসলামের সুমহান ঐতিহ্যের স্মরণে উদ্বেলিত করে।

ইমাম আবু হানিফা কেন প্রধান বিচারপতির পদ প্রত্যাখ্যান করেছিলেন

দিগন্ত ডেস্ক

ইমাম আবু হানিফার সামনে যখন আব্বাসীয় খেলাফতের প্রধান বিচারপতির প্রস্তাব আসে, তখন তিনি তা সাহসিকতার সঙ্গে প্রত্যাখ্যান করেছিলেন। এর কারণে তাঁকে নির্যাতনের শিকার হতে হয়, এমনকি কারাবরণ করতে হয়েছিল।
অবশেষে তিনি কারাগারেই শাহাদাত বরণ করেন। কেন তিনি রাষ্ট্রের এই সর্বোচ্চ সম্মানজনক পদ পায়ে ঠেলে দিয়েছিলেন?
শাসকদের রাজনৈতিক উদ্দেশ্য
ইমাম আবু হানিফাকে (রহ.) প্রধান বিচারপতি বানানোর পেছনে উমাইয়া বা আব্বাসীয় খলিফাদের মূল উদ্দেশ্য ন্যায়বিচার প্রতিষ্ঠা ছিল না; বরং তারা চেয়েছিল এই মহান ইমামের বিপুল জনপ্রিয়তা ব্যবহার করে নিজেদের জবরদস্তিমূলক শাসনকে বৈধতা দিতে।
খলিফারা চাইতেন, তাঁদের রাজনৈতিক প্রতিপক্ষকে দমন করার জন্য তিনি রায় দিন। কিন্তু তিনি বিশ্বাস করতেন, বিচার বিভাগকে অবশ্যই নির্বাহী বিভাগ বা খলিফার প্রভাব থেকে সম্পূর্ণ স্বাধীন হতে হবে। তিনি বুঝতে পেরেছিলেন, এই পদ গ্রহণ করলে ইসলামের পবিত্রতা নষ্ট হবে।
খলিফা আল-মনসুরের সঙ্গে বিতর্ক
আব্বাসীয় খলিফা আল-মনসুর যখন তাঁকে প্রধান বিচারপতি হওয়ার জন্য প্রচণ্ড চাপ প্রয়োগ করেন, তখন তাঁদের মধ্যে একটি বিতর্ক হয়েছিল, যা ইতিহাসে উল্লেখ আছে।
আল-মনসুর জোরপূর্বক এই পদ গ্রহণের নির্দেশ দিলে ইমাম বলেন, 'আমি এই পদের যোগ্য নই।' মনসুর রেগে গিয়ে বলেন, 'আপনি মিথ্যা বলছেন।' তখন ইমাম আবু হানিফা (রহ.) উত্তর দেন, 'আমিরুল মুমিনিন, আপনি নিজেই তো ফয়সালা করে দিলেন। আমি যদি সত্যবাদী হই, তবে আমি সত্যিই এই পদের যোগ্য নই। আর আমি যদি মিথ্যাবাদী হই, তবে একজন মিথ্যাবাদীকে প্রধান বিচারপতি বানানো আপনার জন্য কিছুতেই বৈধ হবে না।' (খতিব আল-বাগদাদি, তারিখু বাগদাদ, ১৩/৩২৮, দারুল কুতুবিল ইলমিয়্যাহ, বৈরুত)
খলিফা নিরুত্তর হয়ে ক্ষোভে ফেটে পড়েন।
পদ প্রত্যাখ্যানের দুই কারণ
মোটাদাগে দুই কারণে তিনি প্রধান বিচারপতির মতো পদ গ্রহণে রাজি হন নি।
১. পরকালের জবাবদিহির ভয়: তাঁর অন্তরে পরকালের জবাবদিহির ভয় ছিল। তিনি জানতেন, বিচারকের আসনটি ঝুঁকিপূর্ণ।
মহানবী (সা.) বলেছেন, 'বিচারকেরা তিন শ্রেণির হয়ে থাকে। এক শ্রেণির বিচারক বেহেশতে যাবে এবং দুই শ্রেণির বিচারক দোজখে যাবে। যে বিচারক সত্য অনুধাবন করেছে এবং সে অনুযায়ী ন্যায়বিচার করেছে, সে বেহেশতি। আর যে সত্য জানার পরও বিচারে জুলুম করেছে এবং যে অজ্ঞতাবশত মানুষের বিচার করেছে—তারা উভয়েই দোজখে যাবে।' (সুনানে আবু দাউদ, হাদিস: ৩৫৭৩)
নবীজির বাণী উদ্ধৃত করে বলতেন, 'যে ব্যক্তি মানুষের বিচারক নিযুক্ত হলো, তাকে যেন ছুরি ছাড়াই জবাই করে দেওয়া হলো।' (আবু নুআইম আল-ইসফাহানি, মুসনাদু আবি হানিফা, পৃ. ১৬১, মাকতাবাতুল কাউসার, রিয়াদ, ১৯৯৪)
ক্ষমতার চাপে পড়ে জুলুমের অংশীদার হয়ে পরকালে দোজখের আগুনে জ্বলার চেয়ে দুনিয়ার বুকে শাসকের নির্যাতন সহ্য করাকেই তিনি শ্রেয় মনে করেছিলেন। (মুওয়াফফাক আল-মাক্কি, মানাকিবুল ইমাম আল-আজম আবি হানিফা, ১/২১৪, দাইরাতুল মাআরিফ আন-নিযামিয়্যাহ, হায়দরাবাদ, ১৯০৩)
২. ধর্মীয় জ্ঞানকে রাষ্ট্রের প্রভাবমুক্ত রাখা: তিনি যদি রাষ্ট্রীয় পদ গ্রহণ করতেন, তবে ইসলামি আইনশাস্ত্র বা ফিকহ রাষ্ট্রীয় কর্তৃত্বের অধীন হয়ে পড়ার আশঙ্কা ছিল। তিনি চেয়েছিলেন ধর্মীয় জ্ঞান যেন কখনোই ক্ষমতার পদলেহন না করে।
তিনি তাঁর ছাত্রদেরও শাসকদের দরবার ও রাষ্ট্রীয় পদ থেকে দূরে থাকার কঠোর নির্দেশ দিতেন। (ইবনে মুহাম্মদ আল-কারদারি, মানাকিবুল ইমাম আল-আজম, ২/১৫-১৬, দাইরাতুল মাআরিফ আন-নিজামিয়া, হায়দরাবাদ, ১৯০৩)
তাঁর এই আপসহীন মনোভাবের কারণেই ইসলামি ফিকহ হাজার বছর ধরে একটি স্বাধীন ও বুদ্ধিবৃত্তিক জ্ঞানশাখা হিসেবে টিকে আছে, যা কোনো নির্দিষ্ট রাজবংশের স্বার্থের পরিণত হয়নি। (মুহাম্মদ আবু জাহরা, আবু হানিফা: হায়াতুহু ওয়া আসরুহু ওয়া আরাউহু ওয়া ফিকহুহু, পৃ. ৪৭-৪৯, দারুল ফিকরিল আরাবি, কায়রো, ১৯৪৭)
কারাবরণ ও মর্মান্তিক বিদায়
খলিফা আবু জাফর আল-মনসুর যখন বুঝতে পারলেন ইমাম আবু হানিফাকে বশ করা যাচ্ছে না, তখন তিনি তাঁকে বাগদাদের কারাগারে নিক্ষেপ করেন। সত্তরের কাছাকাছি বয়সী এই প্রবীণ ইমামকে প্রতিদিন কারাগার থেকে বের করে বেত্রাঘাত করা হতো, যাতে তিনি বাধ্য হয়ে প্রধান বিচারপতির পদ গ্রহণ করেন।
কিন্তু শত নির্যাতনের মুখেও তিনি অবিচল থেকে বলতেন, 'দুনিয়ার এই বেত্রাঘাত আমার কাছে পরকালের লোহার দণ্ডের আঘাতের চেয়ে অনেক সহজ।' (আল-খতিব আল-বাগদাদি, তারিখু বাগদাদ, ১৫/৫০৭, দারুল গারবিল ইসলামি, বৈরুত, ২০০২)
শেষ পর্যন্ত ১৫০ হিজরিতে (৭৬৭ খ্রিষ্টাব্দ) কারাবন্দী অবস্থায় তাঁকে বিষ প্রয়োগ করে শহীদ করা হয়। (জাহাবি, সিয়ারু আলামিন নুবালা, ৬/৪০৩, মুআসসাসাতুর রিসালাহ, বৈরুত, ১৯৮৫)
শাসন ছাড়াই সন্তানের চরিত্র গঠন: নবীজির জীবন থেকে ৭ শিক্ষা
আবদুল্লাহিল বাকি
সন্তানকে নিয়ে মাবাবার দুশ্চিন্তার শেষ নেই। বারবার বলা সত্ত্বেও কথা শুনছে না, পড়াশোনায় মন নেই, সারাক্ষণ উদাসীন কিংবা মেজাজ খিটখিটে। ওদিকে শাসন করতে গেলে দূরত্ব বাড়ছে, আবার ছেড়ে দিলে ভুল পথে পা বাড়াচ্ছে—এমন সংকটে কী করবেন, ভেবে পাচ্ছেন না।
বর্তমান সময়ে বকাঝকা বা জোর করে কারও চরিত্র গঠন করা যায় না। সবার প্রথমে মনে রাখতে হবে, সন্তান কিন্তু উপদেশের চেয়ে আচরণ বেশি দেখে এবং অবচেতনভাবেই তা অনুকরণ করে। তাই কথায় ও কাজে নিজেকে একটি সুন্দর আদর্শ হিসেবে উপস্থাপন করুন।
আল্লাহ বলেন, 'হে মুমিনগণ, তোমরা যা করো না, তা কেন বলো? তোমরা যা করো না, তোমাদের তা বলা আল্লাহর কাছে অপছন্দনীয়।' (সুরা সফ, আয়াত: ২-৩)
মানুষের মন জয় করতে প্রয়োজন সঠিক মনস্তাত্ত্বিক কৌশল। একজন শিক্ষার্থী বা সন্তানের জীবনে আমূল পরিবর্তন এনে দিতে পারে নবীজির শেখানো এমন কার্যকর ১০টি কৌশল নিয়ে আলোচনা করা হলো।